ঋগ্বেদ

[প্রথম অষ্টক—প্রথম অধ্যায়]

প্রথম সংস্করণ : ১৩৪৯

শ্রীমতিলাল দাশ

মূল্য—এক টাকা

শ্রদ্ধাস্পদ

শ্রীযুত নলিনীরঞ্জন ঘোষ মহাশয়ের করকমলে—

হে সুক্রতু !

আপনার স্নেহ ও সৌজন্যে ঋগ্বেদ অনুবাদের সুযোগ জুটিয়াছে, আপনার সেই প্রীতি শ্রদ্ধার সহিত স্মরণ করিয়া আপনাকে এই পুস্তক উৎসর্গ করিলাম।

১৭ই আষাঢ়,
১৩৪৯

শ্রীমতিলাল দাশ

প্রকাশিকার নিবেদন

বেদ হিন্দু কৃষ্টির উৎস, আর্য্য সভ্যতার কনক শিখর। বাংলাদেশে কিন্তু বেদের পঠন ও পাঠন নাই। আমরা হিন্দু বলিয়া গর্ব্ব করি, অথচ হিন্দু সভ্যতার এই গঙ্গোত্রীর অমৃত-ধারার সন্ধান করি না। আমার স্বামী শ্রীযুক্ত মতিলাল দাশ মহাশয় ঋগ্বেদের কয়েকটী সূক্ত অনুবাদ করেন। তাহা তিনি আমাদের গৃহে অনুষ্ঠিত একটী প্রীতি-উৎসবে পড়িয়া শোনান। শুনিয়া প্রীত হইয়া বন্ধু ও শুভাকাঙ্ক্ষীরা তাঁহাকে সমগ্র বেদের অনুবাদ করিতে বলিয়াছেন। বেদের আটটী অষ্টক, প্রত্যেক অষ্টকে আটটি অধ্যায়। চৌষট্টি খণ্ডে এক এক অধ্যায় করিয়া এই অনুবাদ প্রকাশিত হইবে। আমি আশা করি, প্রত্যেক ধর্ম্মপ্রাণ হিন্দু এই পরম পবিত্র গ্রন্থ গৃহে রাখিয়া ধর্ম্মপ্রাণতার পরিচয় দিবেন। খৃষ্টান তাহার বাইবেলকে জানে, মুসলমান তাহার কোরাণকে মানে, শুধু হিন্দু তাহার বেদকে নিত্যপাঠ্য করে না। বেদ বাংলার গৃহে গৃহে যেদিন পূজিত হইবে সেদিন আমাদের জীবনে নবশ্রী আসিবে। আমি সকলকে আমাদের এই প্রচেষ্টায় উৎসাহ দিতে অনুরোধ করিতেছি। শ্রীযুত বিভাবসু শাস্ত্রী এম্-এ, আগামী খণ্ড হইতে ইহার সম্পাদন ভার গ্রহণ করিবেন। মুখপত্রের ছবিখানি শ্রীযুক্ত মণীন্দ্রনাথ কর্ম্মকারের সৌজন্যে প্রাপ্ত।

শ্রীপ্রভাবতী দাশ

এই লেখকের রচনা

১। দীপশিখা
২। বিরহ শতক
৩। চার্ব্বাক
৪। বিদ্যুৎ-শিখা
৫। মহা নিষ্ক্রমণ
৬। একলব্য
৭। চিরন্তনী
৮। Bankimchandra : His Life and Art
৯। জীবনের চলস্রোত
১০। পত্নীব্রত
১১। মনীষা
১২। শিশুমনের চলচ্চিত্র
১৩। গীতা স্মৃতি
১৪। নব্যা ও সবিতা
১৫। সহচরী
১৬। ডাক বাংলো
১৭। বন্ধন ও মুক্তি
১৮। অগ্নি শুচি
১৯। ঋগ্বেদ (প্রথম অধ্যায়)
২০। শিশু ভগবান

মুখবন্ধ

বেদ হিন্দুজাতির সাধনার বিজয়স্তম্ভ। যুগযুগান্ত তপস্বী ভারতবর্ষ ধ্যানসমাহিত চিত্তে বেদের বেদীমূলে আরতির শঙ্খ বাজাইয়াছে। বিশ্ববিশ্রুত ভারতীয় দর্শন ও তত্ত্ব বেদের প্রভায় দীপ্ত। বেদ হিন্দুর ধর্মের শাশ্বত সঞ্চয়, তাহার কর্মের প্রেরণা, তাহার চেতনার দ্যুতি।

প্রীতিভাজন শ্রীযুত মতিলাল দাশ এই বেদের পদ্যানুবাদ করিতেছেন জানিয়া আমি অতিশয় প্রীতি লাভ করিয়াছি।

অনবসর জীবনে তিনি এই গুরুভার স্কন্ধে লইয়াছেন। আশা করি ভগবৎ কৃপায় তাঁহার ব্রত উদযাপিত হইবে। বেদের পঠন ও পাঠন বাংলাদেশে বিরল। সাধারণ পাঠক যাহাতে মূল বুঝিতে পারেন, সেই জন্য তিনি মূল ও সায়ণের অন্বয়মুখী টীকা এবং তাহার সুন্দর সুললিত পদ্যানুবাদ দিয়াছেন।

তাঁহার অনুবাদে সূক্তগুলি নীরস বস্তু হইয়া দাঁড়ায় নাই। ইহা কবিত্বের যাদুস্পর্শে সাহিত্য হইয়া উঠিয়াছে। আমি ভরসা করি এই পদ্যানুবাদ বাংলাভাষার সম্পদ্ বলিয়া পরিগণিত হইবে।

৬৪ খণ্ডে ৬৪ অধ্যায় বাহির হইবে—প্রত্যেক অধ্যায়ে এক একটি বেদ বিষয়ক সুচিন্তিত প্রবন্ধ থাকিবে। যদি

সমাপ্ত হয়, তাহা হইলে বেদের এই সংস্করণ বাংলাদেশের একটী দীর্ঘকালীন অভাব দূর করিবে। প্রত্যেক দেশপ্রেমিক হিন্দু, প্রত্যেক ধর্ম্মপ্রাণ গৃহস্থ এই পুস্তকের সমাদর 'করিয়া বাংলাদেশে বেদ প্রচারে সহায়তা করেন, এই আমার একান্ত অনুরোধ।

প্রথম খণ্ডে তিনি বেদ তত্ত্ব নামে একটী প্রবন্ধ দিয়াছেন। এই প্রবন্ধটীও বিষয় গৌরবে ও ভাষার ঐশ্বর্যে মহিমাময়। ইহাতে যাঁহারা বেদ সম্বন্ধে কিছুই জানেন না, তাঁহারা বেদের একটী সংক্ষিপ্ত অথচ বিশদ ব্যাখ্যান পাইবেন।

লেখক বেদের বিশেষত্ব সম্বন্ধে বলিয়াছেন যে ইহাতে আনন্দের জয়গান, আত্মসমর্পণের যজ্ঞ নিবেদন, প্রগতির মন্ত্র, সমুদার দৃষ্টি এবং একান্ত নির্ভর আধ্যাত্মিকতা—এই পাঁচটী তত্ত্ব আছে। এই তত্ত্বের দ্বারা প্রণোদিত হইয়া বর্ত্তমান সময়োপযোগী কর্মপন্থা দেশবাসী আবিষ্কার করিতে পারিবে, ইহা আমি সর্বান্তকরণে কামনা করি। ইতি—

২৭শে জুন, ১৯৪২ **শ্রীশ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়**

বেদতত্ত্ব

বেদ শব্দটী সংস্কৃত বিদ ধাতু হইতে উৎপন্ন—ইহার অর্থ জ্ঞান। ইংরাজী wit শব্দ এই বিদ ধাতুর রূপান্তর। জ্ঞানলাভের দুই উপায়—বুদ্ধি ও বোধি। বুদ্ধি দিয়া আমরা সমস্ত জানিতে পারি না, পরমার্থ জ্ঞানের জন্য চাই বোধি।

শ্রীঅরবিন্দ তাঁহার Life Divine নামক দিব্যগ্রন্থে বোধির নাম Pure reason দিয়াছেন—তাঁহার ভাষাই তুলি :—

"We arrive at the conception and at the knowledge of a divine existence by exceeding the evidence of the senses and piercing behind the walls of the physical mind. So long as we confine ourselves to sense evidence and the physical consciousness, we can conceive nothing and know nothing except the material world and its phenomena. But certain faculties in us enable our mentality to arrive at conceptions which we may indeed deduce by ratiocination or by imaginative variation from the facts of the physical worlds as we see them, but which are not warranted by any purely physical data or any physical experience. The first of these instruments is the pure reason.

ভাবার্থ পাই—ভাগবত জীবনের জ্ঞান অতীন্দ্রিয় বুদ্ধিজাত। এই পৃথিবী ও তাহার প্রাকৃতিক ঘটনা আমাদের বুদ্ধির আলোতেই ধরা পড়ে—কিন্তু শারীর বুদ্ধি সেই অতীন্দ্রিয় রহস্যের সন্ধান জানে না—তাহার জন্য চাই নির্ম্মল বোধি।

এই জন্যই শাস্ত্র বলেন ঃ—

প্রত্যক্ষেণানুমিত্যা বা যস্তুপায়ো ন বুধ্যতে।
এতং বিন্দতি বেদেন তস্মাৎ বেদস্য বেদতা॥

যাহা প্রত্যক্ষ বা অনুমানের দ্বারা জানা যায় না, বেদে তাহা জানা যায়, এইজন্যই বেদের বেদত্ব। অতীন্দ্রিয় জ্ঞানের ভাণ্ডার বলিয়া বেদ যুগযুগান্তর হিন্দুর ভক্তির অঞ্জলি লাভ করিয়াছে।

বেদের এই নিত্য অপৌরুষেয় জ্ঞানরাশি, শব্দরাশিরূপে আমাদের পরিচিত হয়। আচার্য্য শঙ্কর বলেন—বেদশব্দেন তু সর্ব্বত্র শব্দরাশি-র্ব্বিবক্ষিতঃ। বেদের শব্দরূপ চতুর্ধা বিভক্ত—ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ ও অথর্ব্ববেদ।

মহর্ষি আপস্তম্ব বলেন—মন্ত্র ব্রাহ্মণয়োর্বেদ নামধেয়ম্। মন্ত্র ও ব্রাহ্মণ রূপে বেদের দুই ভাগ। মন্ত্রের আর এক নাম সংহিতা—সংহিতা ভাগে বেদমন্ত্রগুলি সংহিত অর্থাৎ সঙ্কলিত ও একত্রিত হইয়াছে। ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ ও অথর্ব্ববেদ বলিলে সাধারণতঃ আমরা এই মন্ত্রভাগকে বুঝি।

ব্রাহ্মণভাগে সাধারণতঃ বিধি, নিষেধ, যজ্ঞবিধি, ইতিহাস, অর্থবাদ প্রভৃতি লইয়া গদ্য নিবন্ধ দেখিতে পাওয়া যায়। ব্রাহ্মণের অংশবিশেষকে আরণ্যক বলে—অরণ্যে বসিয়া বানপ্রস্থ আশ্রমে প্রবৃত্ত নর ও নারী ইহা হইতে ধ্যান ও উপাসনা করিতেন। আরণ্যকের উপসংহার উপনিষৎ।

অবশ্য কতিপয় উপনিষৎ সংহিতা ভাগেও দৃষ্ট হয়—যেমন ঈশোপনিষৎ। ইহা শুক্লযজুর্ব্বেদীয় বাজসনেয়-সংহিতোপনিষৎ। মন্ত্র, ব্রাহ্মণ, আরণ্যক ও উপনিষৎ, এই চারি ভাগ লইয়া সমগ্র বেদ-সাহিত্য। এই সাহিত্যের দুই ভাগ—কর্ম্ম কাণ্ড ও জ্ঞান কাণ্ড। আরণ্যক ও উপনিষদে ব্রহ্মতত্ত্বের আলোচনা আছে, ইহাই জ্ঞানকাণ্ড। তাহা ছাড়া মন্ত্র ও ব্রাহ্মণ যজ্ঞকার্য্যে প্রযুক্ত হয় বলিয়া তাহাদিগকে এক কথায় কর্ম্মকাণ্ড বলে।

বেদচতুষ্টয়ের মধ্যে ঋগ্বেদ প্রাচীনতম—ইহাই পৃথিবীর প্রাচীনতম গ্রন্থ। সামবেদে যজ্ঞকালে যে সকল গান গীত হইত, ঋগ্বেদ হইতে কেবল সেই সকল মন্ত্র গ্রথিত হইয়াছে। যজুর্ব্বেদে যজ্ঞের প্রয়োজনীয় মন্ত্রগুলি সঙ্কলিত হইয়াছে। যজ্ঞে অথর্ব্ববেদের ব্যবহার নাই। ইহাতে আভিচারিক ক্রিয়াকলাপ প্রভৃতির বর্ণনা আছে। ঋষিগণকে বেদমন্ত্রের স্রষ্টা বলা হয় না, দ্রষ্টা বলা হয়। তাঁহাদের অতীন্দ্রিয় অনুভূতিতে বেদ প্রতিভাত হইয়াছিল। পরাশর সংহিতা বলেন ঃ—

ঋষয়ো মন্ত্রদ্রষ্টারো ন তু বেদস্য কর্ত্তারঃ।
ন কশ্চিদ্বেদকর্ত্তা চ বেদস্মর্ত্তা চতুর্ভুজঃ॥
যুগান্তেহন্তর্হিতান্ বেদান্ সেতিহাসান্মহর্ষয়ঃ।
লেভিরে তপসা পূর্ব্বমনুজ্ঞাতাঃ স্বয়ম্ভুবা॥

ঋষিরা মন্ত্রদ্রষ্ট্রা, তাঁহারা বেদকর্ত্তা নহেন। কেহই বেদের কর্ত্তা নহে, চতুর্মুখ ব্রহ্ম বেদস্মর্ত্তা। প্রলয়ে বেদ অন্তর্হিত হয়, স্বয়ম্ভুর দ্বারা অনুজ্ঞাত হইয়া মহর্ষিরা তপস্যাপূর্ব্বক ইতিহাসসহ সেই বেদ লাভ করেন।

কবে ও কোথায় সাধক ও ঋষিগণ এই বেদমন্ত্র উপলব্ধি করিয়াছিলেন তাহার সত্যকার ইতিহাস নাই। বেদের কাল নিরুপণও দুরূহ—তবে একথা ঠিক যে মন্ত্রগুলি বিভিন্নকালে ও বিভিন্ন দেশে রচিত। গুরু

পরম্পরায় সেই মন্ত্র ও জ্ঞানরাশি বহু বর্ষ ধরিয়া একটি বৈদিক ধারার সৃষ্টি করে। নানা শাখা ও প্রশাখায় তাহা নানারূপে প্রকাশিত হইলেও তাহাদের মধ্যে একটী সুসঙ্গতি ও ভাবসাদৃশ্য ছিল।

কৃষ্ণদ্বৈপায়ন বেদকে চয়ন করিয়া চারিভাগে গ্রথিত করেন এইজন্য তাহার নাম বেদব্যাস। বিষ্ণু পুরাণে পাই :—

ততঃ স ঋচমুদ্ধৃত্য ঋগ্বেদং কৃতবান্ মুনিঃ।
যজূংসি চ যজুর্ব্বেদং সামবেদঞ্চ সামভিঃ॥
রাজ্ঞস্ত্বথর্ব্ববেদেন সর্ব্ব কর্ম্মাণি স প্রভুঃ।
কারয়ামাস মৈত্রেয় ব্রহ্মত্বঞ্চ যথা স্থিতি॥

বেদব্যাস এই চারি বেদ তাঁহার চারি শিষ্যকে শিক্ষা দেন। পৈলকে ঋগ্বেদ, বৈশম্পায়নকে যজুর্ব্বেদ, জৈমিনিকে সামবেদ এবং সুমন্তুকে অথর্ব্ববেদ শিক্ষা দিয়া বেদপারগ করিয়া তুলেন। গল্প আছে, বৈশম্পায়নের শিষ্য যাজ্ঞবল্ক্য গুরুকে অসন্তুষ্ট করেন। তিরস্কৃত যাজ্ঞবল্ক্য লব্ধ বেদবিদ্যা উদ্গীরণ করেন—বৈশম্পায়নের অপর শিষ্যগণ তাহা তিত্তিরী পক্ষী হইয়া গ্রহণ করেন—এইজন্যই ইহাকে তৈত্তিরীয় সংহিতা বলে।

যাজ্ঞবল্ক্য কিন্তু আত্মপ্রত্যয়শীল—তিনি গভীর সাধনায় সূর্য্যদেবকে পরিতুষ্ট করিয়া তাহার নিকট হইতে যজুঃ গ্রহণ করেন। এইজন্যই তাঁহার গৃহীত বেদকে শুক্ল যজুর্ব্বেদ বলে। তাঁহার পরিত্যক্ত বেদের নাম কৃষ্ণ যজুর্ব্বেদ।

কেহ কেহ বলেন যে, বেদ বারংবার সঙ্কলিত হইয়াছে এবং সঙ্কলন-কর্ত্তাদের সাধারণ নাম বেদব্যাস। কৃষ্ণ দ্বৈপায়নই একক বেদব্যাস নহেন। তবে তাঁহার সঙ্কলনই সমধিক প্রসিদ্ধি লাভ করিয়াছে।

বেদের এক নাম ত্রয়ী। যজ্ঞে ঋক্, যজুঃ ও সাম এই তিন প্রকার মন্ত্র লাগে ; এইজন্যই বোধ হয় ইহাদিগকে ত্রয়ী বলিত—ঋক্ পদ্যে, সাম গানে এবং যজুঃ গদ্যে লিখিত।

অনেকে অথর্ব্বকে বেদ বলিতে চান না, ইহা ভুল। প্রাচীন সমস্ত শাস্ত্রে অথর্ব্ব বেদের উল্লেখ পাই।

অবশ্য ঋগ্বেদের পুরুষ সূক্তে, যেখানে আমরা বেদের বিষয় জানি, সেখানে অথর্ব্বের উল্লেখ নাই।

তস্মাৎ যজ্ঞাৎ সর্ব্বহুতঃ ঋচঃ সামানি যজ্ঞিরে।
ছন্দাংসি জজ্ঞিরে তস্মাৎ যজুস্তস্মাদজায়ত॥

সর্ব্বহুৎ যজ্ঞস্বরূপ পরমেশ্বর হইতে প্রথমে ঋক ও সাম উৎপন্ন হইয়াছিল, তাহা হইতে ছন্দঃসমুহ উৎপন্ন হইয়াছিল এবং তাহা হইতে যজুঃ উৎপন্ন হইয়াছিল। এই মন্ত্রের সর্ব্বহুৎ শব্দের ব্যাখায় সায়ণ বলেন—"যদ্যপীন্দ্রাদয়স্তত্র তত্র হুয়ন্তে তথাপি পরমেশ্বরস্যৈবেন্দ্রাদিরূপেণাবস্থানাদবিরোধঃ। তথা চ মন্ত্রবর্ণঃ। ইন্দ্রং মিত্রং বরুণমগ্নিরাহুরথো দিব্যঃ স স্থপর্ণো গরুত্মান্। একং সদ্বিপ্রা বহুধা বদন্ত্যগ্নিং যমং মাতরিশ্বানমাহুরিতি। বাজসনেয়শ্চামনন্তি। তদ্ যদিদমাহুরমুং যজামুং যজত্যেকৈকং দেবমেত স্যৈব সা বিসৃষ্টিরেষ উ হ্যেব সর্ব্বে দেবা ইতি। তস্মাৎ সর্ব্বৈরপি পরমেশ্বর এব হুয়তে।"

যদিও ইন্দ্রাদি বিবিধ নামে তাহার অর্চ্চনা করা হয়, তথাপি তিনি একক পরমেশ্বরই ভিন্ন ভিন্ন রূপে অবস্থান করেন। মন্ত্রে পাই সেই একই মিত্র বরুণ প্রভৃতি। তিনিই স্থপর্ণ গরুড়, তিনিই অগ্নি, তিনিই যম, তিনিই মাতরিশ্বা। বাজসনেয় শাখার পাঠকগণ বলেন—অমুক দেবতার পূজা কর—অমুকের জন্য যজ্ঞ কর—কিন্তু সকলেই

পরমেশ্বরের সৃষ্ট—সকলেই সেই বিশ্বদেব পরমেশ্বরের উপাসনা করিতেছে।

সমগ্র বেদতত্ত্ব উপলব্ধির জন্য আমরা সায়ণের এই অনুক্রমণিকা যেন স্মরণ রাখি।

অতি প্রাচীন ছান্দোগ্যে পাই ঃ—

ঋগ্বেদং ভগবোঽধ্যমি। যজুর্ব্বেদং সামবেদমথর্ব্বণং। মুণ্ডকোপনিষদে পরাবিদ্যার গর্ব্ব করিয়া ঋষি বলিতেছেন ঃ—

"তস্মৈ স হোবাচ—দ্বে বিদ্যে বেদিতব্যে ইতিহ স্ম। যদ্ব্রহ্মবিদো বদন্তি পরা চৈবা পরা চ।

তত্রাপরা—ঋগ্বেদো যজুর্ব্বেদঃ সামবেদোঽথর্ব্ববেদঃ শিক্ষা কল্পো ব্যাকরণং নিরুক্তং ছন্দো জ্যোতিষমিতি। অথ পরা—যয়া তদক্ষরধি-গম্যতে।"

অঙ্গিরা শৌনককে কহিলেন—দুই বিদ্যা জ্ঞাতব্য—ব্রহ্মবিদ্ ঋষিরা ইহাই বলেন—একটী পরা অপরটী অপরা। তন্মধ্যে ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সাম বেদ, অথর্ব্ববেদ, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ, জ্যোতিষ—এই সকলই অপরা বিদ্যা। যে বিদ্যায় অক্ষর পরব্রহ্মকে লাভ করা যায়, তাহাই পরা।" এই সমস্ত উদ্ধৃত বাক্য হইতে বুঝি যে, অথর্ব্ববেদ বেদ—তাহা বেদবাহ্য নয়।

চতুর্ব্বেদকে বুঝিবার জন্য ছয় বেদাঙ্গকে জানা প্রয়োজন। বেদ সুচারুভাবে অধ্যয়ন করিতে হইলে এই ষড়ঙ্গের জ্ঞান প্রয়োজন। প্রথম শিক্ষা—ইহাতে বর্ণ, স্বর, মাত্রা, বল ও সাম এই পঞ্চ বিষয়ের জ্ঞান হয়। স্বর ও ব্যঞ্জনভেদে বর্ণ দুই প্রকার। উদাত্ত, অনুদাত্ত স্বরিত এই ত্রিবিধ স্বর। উদাত্ত স্বর উচ্চ, অনুদাত্ত নীচ—স্বরিত উভয়ের মাঝামাঝি।

এই স্বরজ্ঞান না থাকিলে অর্থের ব্যত্যয় হয়। গল্পে আছে, বৃত্র ইন্দ্রকে বধ করিবার জন্য যজ্ঞ করিয়াছিল—আহুতি দিবার সময় 'ইন্দ্র শত্রুর্বর্দ্ধস্ব' এই মন্ত্রকে আদ্যোদাত্ত করিলে অর্থ হয়, ইন্দ্র রূপ শত্রু বিনষ্ট হউক, অন্তোদাত্ত করিলে অর্থ হয়, ইন্দ্রের শত্রু বিনষ্ট হউক। যজ্ঞের উচ্চারণে এই তারতম্য হওয়ায় বৃত্র নিজেই নিহত হইল।

নিম্নে আগ্নেয় সূক্তের প্রথম ঋকের স্বরাঙ্কিত রূপ দিতেছি :—

ওঁ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজং।

হোতারং রত্নধাতমং॥

বর্ণের উপর দণ্ডায়মান সরলরেখা স্বরিত স্বর সূচিত করে, বর্ণের নীচে শায়িত রেখা অনুদাত্ত বিজ্ঞাপিত করে—যাহার উপর কোনও রেখা নাই তাহাই উদাত্ত। মাত্রা ত্রিবিধ—হ্রস্ব, দীর্ঘ ও প্লুত। বল বলিতে প্রযত্ন ও উচ্চারণ স্থান বুঝায়। কণ্ঠ, তালু প্রভৃতি অষ্টবিধ উচ্চারণ স্থান—কোনও বর্ণ আবার যৌগিক—তাহা যুগপৎ দুই স্থান হইতে উচ্চারিত হয়—যেমন কণ্ঠতালব্য বর্ণ। প্রযত্ন অর্থ চেষ্টা—ইহা দ্বিবিধ—ঈষৎ ও অস্পষ্ট। সাম বলিলে উচ্চারণ সাম্য বুঝিতে হয়। দোষ রহিত এবং সুভাষিত উচ্চারণই সাম্য—উচ্চারণে অতিদ্রুত বা অনতিদ্রুত উভয়ই দোষ—যাহাতে স্বর সুব্যক্ত এবং মধুর হয়, কোনও বৈষম্য না ঘটে, তাহাই সামের কাম্য।

আপস্তম্ব, বৌধায়ন, আশ্বালয়ন প্রভৃতির সূত্রসকলকে কল্প গ্রন্থ বলে। কল্পশাস্ত্রে সাধারণতঃ যজ্ঞবিধি সুশৃঙ্খলভাবে ব্যক্ত হইয়াছে। কি

প্রণালীতে যজ্ঞ আরম্ভ হইবে, কোন্ মন্ত্র কখন উচ্চারণ করিতে হইবে, যজ্ঞের যে সব ভিন্ন ভিন্ন পুরোহিত ঋত্বিক্ হোতা অধ্বর্য্যু প্রভৃতি নামে অভিহিত, তাহারা কখন কে কি করিবেন, এই শাস্ত্রে তাহার সবিশেষ ব্যাখ্যান আছে।

ব্যাকরণ বেদের মুখ। বেদার্থ সম্যক জানিতে হইলে ব্যাকরণের শরণ লইতে হইবে। বৈদিক ব্যাকরণকে প্রতিশাখ্য বলে—এখন মাত্র চারিটি প্রতিশাখ্য পাওয়া যায়। ঋগ্বেদের ও অথর্ব্ববেদের শৌনক প্রবর্ত্তিত প্রতিশাখ্য, শুক্লযজুর্ব্বেদের কাত্যায়ন প্রতিশাখ্য এবং কৃষ্ণযজুর্ব্বেদের প্রতিশাখা বাল্মীকি প্রভৃতি প্রাচীন ঋষিগণের রচিত। ইহাতে উচ্চারণ, ছন্দঃ প্রভৃতিও আলোচিত হইয়াছে।

নিরুক্ত বৈদিক অভিধান—ইহতে বৈদিক শব্দের অর্থ পাওয়া যায়। যাস্কের নিরুক্তই অধুনা প্রচলিত। তাঁহার গ্রন্থে পূর্ব্বতন স্থৌলাষ্ঠীরী, ঔর্ণবাভ, শাকপূণি প্রভৃতি নিরুক্তকারের নামের উল্লেখ আছে। বেদে সাধারণতঃ সাতটী ছন্দ ব্যবহৃত—গায়ত্রী, উষ্ণিক্, অনুষ্টুপ্, বৃহতী, পংক্তি, ত্রিষ্টুভ ও জগতী। চব্বিশ স্বরবর্ণের তিনটী চরণে নিবদ্ধ যে ছন্দ তাহাই গায়ত্রী। আগ্নেয় সূক্তের পূর্ব্বোদ্ধৃত ঋক্ গায়ত্রী ছন্দে রচিত। উষ্ণিক্ ছন্দে আটাশটী স্বর, অনুষ্টুপে বত্রিশটী, বৃহতীতে ছত্রিশটী, পংক্তিতে চল্লিশটী, ত্রিষ্টুভে চুয়াল্লিশটী এবং জগতীতে আটচল্লিশটী স্বর আছে। বৈদিক ছন্দ সাধারণতঃ স্বরমাত্রিক—ইংরাজীতে যাহাকে syllabic বলে।

যজ্ঞের কাল নির্ণয় করিবার জন্য জ্যোতিষের প্রয়োজন। যথানির্দ্দিষ্ট সময়ে যজ্ঞকর্ম্ম আরম্ভ ও সমাপ্তি করিবার জন্য ঋষিদের গভীর উৎকণ্ঠা ছিল। এই উৎকণ্ঠার ফলে জ্যোতিষের উৎপত্তি।

এই বেদ ভারতীয় সাহিত্যের ও ভারতীয় সাধনার গোপনতম ধন। ব্রাহ্মণে বেদের মাহাত্ম্য সম্বন্ধে একটী চমৎকার রূপক দেখি। শতপথ ব্রাহ্মণে যোগী যাজ্ঞবল্ক্য বলেন—প্রজাপতি প্রজাসৃষ্টির কামনা করিলেন—এক তিনি বহু হইবেন—এই লীলার জন্য তিনি গভীর তপস্যায় ত্রয়ী বিদ্যার সৃষ্টি করিলেন।

'মনো বৈ সমুদ্রঃ। মনসো বৈ সমুদ্রাৎ বাচাভ্র্যা দেবাস্ত্রয়ীং বিদ্যাং নিরখনন্। মনো বৈ সমুদ্রঃ। বাক্ তীক্ষ্ণাভ্রিঃ ত্রয়ী বিদ্যা নির্ব্বপণম্।' মনোরূপ সমুদ্র হইতে দেবতারা বাক্‌রূপ অভ্রি দ্বারা ত্রয়ী বিদ্যা খনন করিয়াছিলেন। মনোরূপ সমুদ্র বাক্‌রূপ তীক্ষ্ণ অভ্রি, তাহা দ্বারা ত্রয়ী বিদ্যা নির্ব্বপণ করা হইয়াছিল।

বেদ নিত্য অভ্রান্ত সত্য—মানুষের মনোরূপ সমুদ্রে তাহা লুকাইয়া আছে। দেব-মানুষেরা তাহা বাক্য দিয়া বিশ্বে প্রকাশিত করেন।

এই বেদকে রক্ষা করিবার বিবিধ প্রয়াসের কথা আমরা যতই চিন্তা করি, ততই বিস্ময়ে অবাক হই। বেদের যাহাতে একটী পদও ভ্রষ্ট না হয়, তাহার জন্য পদপাঠ, ক্রমপাঠ, জটাপাঠ, ঘনপাঠ প্রভৃতি—সে কি দুরূহ অধ্যবসায়! তখন গ্রন্থ মুদ্রিত হয় নাই, মুখে মুখে শ্রুতিরূপে এই বিদ্যা যে আজিও আমাদের দ্বারে আসিয়াছে তজ্জন্য সংযমব্রত তপস্বী সাধকদের নিকট আমাদের ঋণ অপরিশোধ্য। বেদের পাঠভেদ দূরে থাকুক, এই প্রচেষ্টার ফলে বেদের একটী অক্ষরও ভ্রষ্ট হয় নাই।

অবশ্য কাল তাহার ধ্বংসলীলা কিছু কিছু করিয়াছে। বেদের যে বিভিন্ন শাখা রচিত হইয়াছিল, বেদ লইয়া যে সব লক্ষ লক্ষ গ্রন্থ রচিত হইয়াছিল, তাহার অনেকগুলিই লোপ পাইয়াছে ; তথাপি কীটদষ্ট হইয়া, বিপ্লব এড়াইয়া যাহা বাঁচিয়াছে তাহাও মহত্ত্বে, ঐশ্বর্য্যে অতুলনীয়।

শৌনকের প্রতিশাখ্যে ঋগ্বেদের পাঁচটী শাখার নাম আছে—শাকল, বাস্কল, আশ্বলায়ন, সাঙ্খ্যায়ন ও মাণ্ডুক। এই পাঁচ শাখার মধ্যে কেবল শাকল শাখাই বর্ত্তমানে প্রচলিত আছে। ঋগ্বেদের দুইটী ব্রাহ্মণ—ঐতরেয় ও কৌষিকী; মহিদাস ঐতরেয় এবং কুষিক এই দুই ব্রাহ্মণের প্রণেতা। ঐতরেয় আরণ্যক, ঐতরেয় উপনিষদ্ খুব প্রসিদ্ধ। কৌষিকী উপনিষদও আছে।

সামবেদের সাত শাখা—কৌমুদী, রাণ্যায়ণ, শাট্যমুগ্র, কাপোল, মহা-কাপোল, লাঙ্গালিক, শার্দ্দুলীয়। বর্ত্তমানে মাত্র কৌমুদী এবং রাণ্যায়ণ শাখার অস্তিত্ব আছে। সামবেদের ব্রাহ্মণ আটখানি—সামবিধান, মন্ত্রমহা-ব্রাহ্মণ, আর্ষেয়, বংশ,দেবতাধ্যায়, তলবকার, তাণ্ডব, সংহিতোপনিসৎ। এতদ্ব্যতীত অদ্ভুত ব্রাহ্মণও নামে একখানি ব্রাহ্মণের উল্লেখ আছে। ছান্দোগ্য, কেন, আরুণি, মৈত্রাকণি এবং মৈত্রেয়ী উপনিষৎ সামবেদের অন্তর্গত।

যজুর্বেদ দুই শাখায় প্রচলিত—শুক্ল ও কৃষ্ণ। শুক্ল যজুকে বাজসনেয় সংহিতা বলে এবং কৃষ্ণ যজুকে তৈত্তিরীয় সংহিতা বলে। যজুর্বেদের বহু শাখার মধ্যে বর্ত্তমানে মাত্র তিনটী শাখা প্রচলিত যথা—তৈত্তিরীয়, মাধ্যন্দিন ও কাণ্ব। তৈত্তিরীয়ের চারিখানি ব্রাহ্মণ—তৈত্তিরীয়, বল্লভী, সত্যায়ণী এবং মৈত্রায়ণী-তৈত্তিরীয় আরণ্যক তৈত্তিরীয় ব্রাহ্মণের শেষাংশ। ইহার ছয়খানি উপনিষৎ তৈত্তিরীয়, নারায়ণীয়, কঠ, শ্বেতাশ্বতর ব্রহ্মোপনিষৎ ও কৈবল্য। শতপথ ইহার ব্রাহ্মণ। ঈশ, বৃহদারণ্যক, জাবাল, হংস, পরমহংস, সুবাল ও মন্ত্রিকা প্রভৃতি ইহার উপনিষৎ।

অথর্ব্ব বেদের মাত্র শৌনক শাখা বর্ত্তমানে আছে—গোপথ ইহার ব্রাহ্মণ। প্রশ্ন, মুণ্ডক, মাণ্ডুক্য, অথর্ব্ব-শির, অথর্ব্ব-শিখা, বৃহজ্জাবাল ও নৃসিংহ-তাপনী প্রভৃতি ইহার উপনিষৎ।

এই যে বিরাট্ বৈদিক সাহিত্য ;—তাহার অনন্ত পার পরিধির কথা যত বিবেচনা করি ততই মুগ্ধ হই। আমাদের সংস্কৃতি কালে কালে নানা পরিবেশে নব নব রূপ পরিগ্রহ করিয়াছে—কিন্তু তাহা বেদমূল হইতে কখনও বিচ্যুত হয় নাই। বুদ্ধদেব বেদনিন্দুক বলিয়াই তাঁহার জন্মভূমি হইতে নির্ব্বাসিত, তাঁহার অমর অবদান আমাদের নিকট বিলুপ্ত। বেদের প্রতি এই যে সুগভীর ভক্তি, অপৌরুষেয় ও নিত্য বলিয়া বেদের প্রতি এই যে শ্রদ্ধা, ইহাকে সহসা উপেক্ষা করা যায় না। বেদ অজ্ঞ ব্যক্তিদের পূজা পায় নাই, কুশাগ্রবুদ্ধি, ধ্যানতন্ময় মনীষীরা বেদের যে উচ্ছ্বসিত প্রশংসা করিয়াছেন, তাহার নিশ্চয়ই কোনও গভীর কারণ আছে। সে কারণ শ্রদ্ধায়, সেবায় এবং পরিপ্রশ্নে অনুধ্যান করিতে হইবে।

য়ুরোপীয় পণ্ডিতেরা বেদের প্রচারের জন্য যে প্রচেষ্টা করিয়াছেন, তাহার জন্য তাঁহারা নমস্য। তাঁহাদের আপ্রাণ সাধনা, তাঁহাদের অমানুষিক শ্রম, তাঁহাদের তপঃশক্তি আমাদের দেশে দুর্ল্লভ। কিন্তু তথাপি বলিব, তাঁহারা বেদার্থ সম্যক ধরিতে পারেন নাই।

প্রথম কারণ চেতন ও অবচেতন মনের মাঝে তাহাদের গভীর স্বাদেশিকতা তাহাদিগকে বেদের মাহাত্ম্য উপলব্ধি করিতে বাধা দিয়াছে। অতি প্রাচীন কালে যখন য়ুরোপীয় সংস্কৃতিধাত্রী গ্রীক ও রোমকেরা অজ্ঞানের গভীর তমসায় আবৃত, তখন ভারতের তপোবনে অধ্যাত্মপ্রদীপ আপন জ্যোতির্ম্ময় শিখা বিস্তার করিয়াছিল, ইহা তাহারা গ্রহণ করিতে পারেন নাই।

ডারউইনের বিবর্তনবাদও তাহাদের গভীর অন্তরায়। মানুষের সভ্যতা ক্রমোন্নতিতে চলিয়াছে, কাজেই অতীত ভারতবর্ষ যে জ্যোতির্ম্ময় বুদ্ধিতে দীপ্ত ছিল, প্রজ্ঞায় পুষ্ট ছিল, একথা তাঁহারা সহসা গ্রহণ করিতে

পারেন না। বেদ যখন প্রাচীন কালের গাথা, তখন নিশ্চয়ই ইহা মানুষের শিশুমনের কাকলী।

তৃতীয়তঃ তাঁহারা সহজে ভারতীয় আধ্যাত্মিকতার রস গ্রহণ করিতে পারেন না। অতীন্দ্রিয় সত্য তর্ক-বুদ্ধির দ্বারা উপলব্ধি হয় না। ঋষিরা সত্যের সাক্ষাৎকার পাইয়াছিলেন, তাঁহারা সর্ব্বাঙ্গ দিয়া সত্যানুভব করিতেন। সেই গভীরতম বোধি দিয়া তাঁহারা বৈদিক তত্ত্বানুভূতিকে গোচর করিতে চেষ্টা করেন নাই।

য়ুরোপীয় পণ্ডিতদের গবেষণা উপেক্ষা না করিয়া, পশ্চিমের দীপ্ত ক্ষুরধার বুদ্ধির সঙ্গে আমাদের সহজাত সূক্ষ্ম উপলব্ধি দিয়া বেদের রহস্য-দ্বার খুলিতে হইবে। বেদকে জানিবার ও বুঝিবার সর্ব্বশ্রেষ্ঠ উপায়—আবৃত্তি। বেদের মন্ত্রগুলির ভাষা অতি সুন্দর, তাহাদের ছন্দ অতি মধুর, তাহাদের প্রত্যেক শব্দ গভীর অর্থদ্যোতক। বারংবার এই মন্ত্রের আবৃত্তি করিলেই তাহাদের অন্তর্নিহিত সত্য আমাদের আমাদের চিত্তে উদ্ভাসিত হইবে।

টীকাকার, ভাষ্যকার, বৈয়াকরণিক প্রভৃতি তাহাদের বুদ্ধির অচলায়তন দিয়া বেদের সরল অভিব্যঞ্জনাকে আবৃত করিয়া রাখিয়াছেন। তাহাদের আশ্রয় অধিক না নিয়া, মূলের আশ্রয় লওয়াই সঙ্গত। মূলের অর্থ বহুস্থানেই বিশদ ও সুন্দর—সেই অর্থের সাহায্যে যে সব স্থানে 'ব্যাসকূট' আছে তাহার ব্যাখ্যা করাই ভাল।

সায়ণের ভাষ্য সর্ব্বত্র সুষ্ঠু নয়। বুক্ক নরপতির আদেশে তিনি এই ব্যাখ্যা করেন। তখনকার দিনে যজ্ঞ বিরল হইয়াছিল—সেই যজ্ঞ কর্ম্ম পুনঃ প্রতিষ্ঠিত করিবার একটী প্রয়াস সায়ণের ভাষ্যে সর্ব্বত্রই পরিলক্ষিত হয়। এই জন্যই দেখি, 'অমৃতস্য বাণী' এই সুমধুর ভাবসুন্দর বাক্যখণ্ডও

তাঁহার নিকট উদকস্থ ধারা এই অর্থে পরিণত হইয়াছে। আমার মনে হয়, সংস্কৃত ভাষা বা তজ্জাত প্রাকৃতভাষা যেখানে যেখানে প্রচলিত আছে, সেখানে সকলেই 'অমৃতের বাণী' কথাটি বুঝিতে ব্যাখ্যার প্রয়োজন অনুভব করিবেন না।

সায়ণ-ভাষ্য অতুলনীয় কীর্ত্তি—সায়ণ না থাকিলে হয়ত আমরা আদৌ বেদ বুঝিতে পারিতাম না। তাহার নিকট বেদপাঠী সকলেই গভীর ঋণে ঋণী, কিন্তু তথাপি বেদ সায়ণের চেয়ে অনেক বড়। বেদের ভাব, বেদের তত্ত্ব, উপনিষৎ, ষড়দর্শন, স্মৃতি প্রভৃতিতে অনুস্যূত হইয়াছে। তাহাদের সাহায্যেই মূলকে বুঝিতে হইবে। বেদকে আদিম মনের উচ্ছ্বাস বা চাষার গান বলিলে একান্ত ভুল হইবে। বেদ মানুষের প্রদীপ্ত মেধার দান—মানুষের তপোলব্ধ সত্য।

বেদান্ত সূত্রে বলা হায় 'ব্রহ্মণো বেদৈকময়তা'—ব্রহ্ম একমাত্র বেদ দ্বারা জানা যায়। যাঁহারা ষড়্‌দর্শন লিখিয়াছেন, যাঁহারা উপনিষৎ দ্রষ্টা তাঁহারা সকলেই কুশাগ্রবুদ্ধি। তাঁহারা প্রাকৃতিক শক্তির উদ্দেশে উচ্চারিত মন্ত্রমালার প্রতি এত সুগভীর শ্রদ্ধা কখনই পোষণ করিতে পারিতেন না।

বেদ-পূর্ব্ব আর্য্যদের সাহিত্য বাঁচে নাই, কিন্তু একথা সত্য যে, বেদ কখনও আদিম মনের আদিম কল্পনা নহে। বেদের রূপক, ভাবময় শব্দগুলিই পরিণত বুদ্ধিদীপ্ত মানুষের অবদান। এইজন্য বেদকে বুঝিতে হইলে উপনিষৎ, দর্শন ও স্মৃতি তাঁহাকে যে দৃষ্টিতে দেখিয়াছেন, সেই দৃষ্টিতে দেখিতে হইবে এবং তাঁহাদের অনুকরণ করিয়া মূলের যে সহজ আধ্যাত্মিক ব্যঞ্জনা আছে, তাহাকে মরমী অনুরাগীর অনুরাগে মর্ম্মে মর্ম্মে অনুধাবন করিতে হইবে।

বেদের সমস্ত তত্ত্বের আলোচনা এই প্রবন্ধে সম্ভব নহে। বর্ত্তমানে কেবল দিক্‌নির্ণয় মাত্র করিতেছি। বেদের প্রথম ও প্রধান বাণী আনন্দের বাণী। ঋগ্বেদের মহাবাক্য—প্রজ্ঞানানন্দং ব্রহ্ম। তৈত্তিরীয় উপনিষদে পাই—

'য দ্বৈ তৎসুকৃতম্। রসো বৈ সঃ।
রসং হ্যেবায়ং লব্ধানন্দী ভবতি।
কো হ্যেবান্যাৎ, কঃ প্রাণ্যাৎ। যদেষ আকাশ
আনন্দো ন স্যাৎ। এষ হ্যেবানন্দয়াতি।'

"যিনি স্বয়ং কর্ত্তা তিনিই রসময়। মানুষ এই রসকে পাইয়া আনন্দিত হয়। যদি আকাশে আনন্দ না থাকিত, তবে কেই বা বাঁচিত, কেই বা প্রাণক্রিয়া করিত?" বেদের মন্ত্রে মন্ত্রে, সূক্তে সূক্তে এই আনন্দধ্বনি বাজে। সেখানের প্রতি চলনে যেন অপূর্ব্ব ছন্দ, প্রতি লেখায় যেন অলৌকিক প্রাচুর্য্য—প্রতি কথায় যেন রসগভীর আনন্দ।

বেদের ঋষি বৈরাগী নহেন, তিনি অনুরাগী। তিনি এই পৃথিবীর আলো, গান, এই মনের জ্ঞান ও দীপ্তি বারংবার চাহেন। তিনি মরিতে চাহেন না, সুন্দর পৃথিবীতে শতবর্ষ কল্যাণময় জীবন যাপন করিতে চাহেন। তাঁহার দৃষ্টি কৌণিক নয়, তাঁহার ব্যাপ্তি দেশের সীমায় আবদ্ধ নহে, তিনি বিশ্বজনের সাথী, বিশ্বনাটের নট।

প্রথম আগ্নেয় সূক্তের ঋষি উদাত্ত কণ্ঠে গাহেন—

অগ্নিনা রয়িমশ্নবৎ পোষমেব দিবে দিবে।
যশসং বীরবত্তমং॥

ইহার ভাবার্থ দিতেছি ঃ

অগ্নি হৃদয়ে তপঃশক্তি জ্বালেন। তাহার সাহায্যে আমরা পরিপূর্ণতা লাভ করিব, যে পরিপূর্ণতা প্রতিদিনের আলোকে পরিপুষ্ট হইয়াই চলিয়াছে, যাহা আনে জীবনে যশোগৌরব—যাহা দেয় পরিপূর্ণ বীর্য্য।

দ্বিতীয় সূক্তে ঋষি গাহেন ঃ—

ঋতেন মিত্রাবরুণৌ ঋতাবৃধো ঋতাস্পৃশৌ।
ক্রতুং বৃহন্তমাশাথে ॥

মিত্রাবরুণ সত্যদ্রষ্টা, তাঁহারা সত্যের যে গভীরতম রূপ, যাহাকে বেদে ঋত বলে তাহা স্পর্শ করিয়া আছেন, তাঁহারা সেই সত্যশক্তিকে বর্দ্ধন করিতেছেন, সেই সত্যের বলেই তাঁহারা বৃহৎ বিশ্ব যজ্ঞ অধিকার করিতেছেন।

অধিক শ্লোক তুলিবার স্থান নাই। সর্ব্বত্রই দেখি সত্যের প্রতি আন্তরিকতা, বীর্য্যের প্রতি অনুরাগ, প্রাণশক্তির প্রতি প্রীতি, জীবনের প্রতি গভীর আসক্তি।

বেদের দ্বিতীয় বাণী যজ্ঞাহুতি। এই বিশ্বক্রিয়া একটী বিরাট্ যজ্ঞ। গীতায় পার্থসারথি এই যজ্ঞতত্ত্ব ব্যাখ্যা করিয়াছেন। ভগবান প্রজাপতি যজ্ঞের সহিত প্রজা সৃষ্টি করেন। এবং তাহাদিগকে বলেন—তোমরা যজ্ঞদ্বারা বৃদ্ধি পাইবে—ইহা তোমাদের কামনা পূর্ণ করিবে। তোমরা যজ্ঞদ্বারা দেবতাকে পোষণ কর, তাহা হইলে দেবতারা তোমাদের পোষণ করিবে। এইরূপে পরস্পরের পোষণে তোমরা পরম কল্যাণ পাইবে। দেবতাগণ যজ্ঞের দ্বারা তৃপ্ত হইলে বঞ্চিত ভোগ দান করেন —যাহারা দেববলি না দিয়া ভোগ করে তাহারা তস্করই বটে। যে

নিজের জন্য পাক করে, যে পাপ ভক্ষণ করে, যে যজ্ঞাবশিষ্ট ভোজন করে, সে সর্ব্বপাপমুক্ত হয়।

মানুষ অন্নে বাঁচে, অন্ন বাঁচে বৃষ্টিধারায়, যজ্ঞ হইতে বৃষ্টি হয়, এবং কর্ম্ম হইতে যজ্ঞ উৎপন্ন হয়। কর্ম্ম প্রকৃতি হইতে উৎপন্ন হয়। প্রকৃতি অমর ব্রহ্ম হইতে জাত, এইভাবে সর্ব্বগত ব্রহ্ম যজ্ঞে নিত্য প্রতিষ্ঠিত আছেন। যে এই যজ্ঞচক্র অনুসরণ করে না, সে নিজের জীবন পাপে পূর্ণ করে, তাহার জীবন ব্যর্থ, সে ইন্দ্রিয় সুখে ডুবিয়া থাকে।

দ্বিতীয় অধ্যায়ে যজ্ঞতত্ত্ব বলিব। সংক্ষেপে বলিতে পারি, যজ্ঞ আত্ম-সমর্পণ। মানুষ যদি কেবল আত্মনিয়ত থাকে, কেবল স্বার্থের অনুসরণ করে, তাহা হইলে বিশ্বব্যাপার চলে না। পরস্পরের আদান প্রদানেই প্রগতির যাত্রা সম্ভব। মানুষকে তাই আত্মদান করিতে হইবে, জীবনকে উৎসর্গ করিতে হইবে। সেই উৎসৃজিত জীবনের গভীর বাণীই, বেদের যজ্ঞের অন্তর্নিহিত বাণী। সেই আত্মনিবেদনে মানুষ স্তরে স্তরে ঊর্দ্ধগতি লাভ করিবে, দিনে দিনে সত্য, ঋত ও বৃহৎকে বরণ করিবে। 'নাল্পে সুখমস্তি ভূমৈব সুখম্।' অল্প লইয়া যখন থাকি, তখন আমরা পশুর স্তরে। মানুষ যতই দিব্য জন্ম লাভ করে, যতই তপোশক্তির বলে অমৃত আনন্দলোকে যাইবার চেষ্টা করে, ততই সে এই সাধনার পথে আরোহণ করে।

বেদের তৃতীয় বাণী চলার মন্ত্র—প্রগতির আহ্বান। ঐতরেয় ব্রাহ্মণে আধুনিকতার মর্ম্মবাণী এই চলার জয়গান গীত হইয়াছে। বেদ বলিতেছেন—চল চল। 'চরৈবেতি'।—

'নানা শ্রান্তায় শ্রীরস্তীতি রোহিত শুশ্রূম।
পাপো নৃষদ্বরো জন ইন্দ্র ইচ্চরতঃ সখা, চরৈবেতি ॥১

পুষ্পিণ্যৌ চরতো জঙ্ঘে, ভূষ্ণুরাত্মা ফলগ্রহিঃ।
শেঁরেস্য সর্ব্বে পাপ্মানঃ শ্রমেন প্রপথে হতাশ্চরৈবেতি ॥২

আস্তে ভগ আসীনস্যোর্দ্ধস্তিষ্ঠতি তিষ্ঠতঃ।
শেতে নিপদ্যমানস্য চরতি চরতো ভগশ্চরৈবেতি ॥৩

কলিঃ শয়ানো ভাতি, সঞ্জিহানস্ত দ্বাপরঃ।
উত্তিষ্ঠং স্ত্রেতা ভবতি কৃতং সম্পদ্যতে চরংশ্চরৈবেতি ॥৪

চরন্ বৈ মধু বিন্দতি চরন্ স্বাদু মৃদুস্বরম্।
সূর্য্যস্য পশ্য শ্রেমানং যো ন তন্দ্রয়তে চরংশ্চরৈবেতি ॥৫

ইহার বাংলা—

শ্রান্ত যে জন পন্থা চলি, শ্রী যে তারই নানা,
ইক্ষাকুসুত রোহিত ওগো! এই ত চিরশ্রুতি,
রইলে শুয়ে শ্রেষ্ঠ জনও লভে পাপের হানা,
ইন্দ্র সখা পান্থ জনের, বলছে চরৈবেতি ॥

জঙ্ঘাযুগল পুষ্পিত তার, যেজন চলে পথে,
ফলগ্রাহি আত্মা যে তার বৃহৎ নেয় লুঠি,
পলায় যে তার পাপের বোঝা চড়ি মৃত্যু রথে,
পথে চলার শ্রমে হত, চল পথে ছুটি।

যে জন বসে, ভাগ্য যে তার, রয়ত বসে বসে,
উচ্চশিরে যে রয় সে রয়, উন্নতিরি রথে,
যে জন রহে শয়ন সুখে, ভাগ্য তাহার খসে,
যে চলে তার ভাগ্য বাড়ে, চল চল পথে।

কলি কোথায় যে রয় শুয়ে, আছে তারই কাছে,
যে জেগেছে, জীবনে তার দ্বাপর জাগে হাসি,
যে উঠেছে, সে চলেছে, ত্রেতা যুগের পাছে,
যে চলে সে সত্যযুগে, বাজাও চলার বাঁশী।
যে চলেছে, সে পেয়েছে অমৃতময় মধু,
যে চলেছে, স্বাদু ডুমুর খায় সে হাসি হাসি,
চেয়ে দেখ দীপ্তসূর্য্য আকাশ পথের বঁধু
তন্দ্রাবিহীন চলছে শুধু, বাজাও চলার বাঁশী।

এই মন্ত্র যখন পড়ি, মনে হয় যেন কোনও আধুনিক কবিতা পড়িতেছি। আমাদের এই জরদ্গব দেশেও একদিন যৌবন ছিল, একদিন যাযাবর দুঃসাহস ছিল ; তাহা যত ভাবি, ততই মুগ্ধ হই। গৃহের অচলায়তন আমাদের নয়, আমাদের জন্য বিস্তৃত পৃথিবী—আমাদের জন্য মহাসাগর। অকূলে পাড়ি দিয়াই আমরা কূলের সন্ধান পাইব।

ঋগ্বেদের অষ্টম সূক্তে অনুরূপ প্রার্থনা আছে—

"এন্দ্র সানসিং রয়িং সজিত্বানং সদাসহং।
বর্ষিষ্ঠমূতয়ে ভর ॥১।৮।১
নি যেন মুষ্টিহত্যয়া নি বৃত্রা রুণধামহৈ।
ত্বোতাসো ন্যর্বতা।১।৮।২

"হে ইন্দ্র তুমি আমাদের স্বস্তির জন্য সার্থকতা আন। যে সার্থকতা সকল অধিকারে অধিকারী, সকল জয়ে জয়ী—সর্ব্বদা যাহা বীর বিক্রমে

চলিয়াছে, যাহা সকলকে প্লাবন করিয়া ছুটিয়া চলে। তোমার সেই পূর্ণতার প্রসাদে আমরা যেন শত্রুকে দমন করি, আমরা যেন ক্ষাত্রবীর্য্যকে আশ্রয় করিয়া, তোমার দ্বারা পরিরক্ষিত হইয়া, বৃত্রবাহিনীকে নিঃশেষিত ভাবে ধ্বংস করি।" ইহা দিনগত পাপক্ষয় করিবার সাধনা নয়, ইহা জাড্য নয়, আলস্য নয়, ইহাতে দেখি পরিপূর্ণ প্রাণশক্তি। আমাদের এই দুর্ভাগ্য জরাজীর্ণ দেশে বিশুদ্ধ বিদ্যার ও বুদ্ধির তেজ পুনরায় জ্বলিয়া উঠুক। তামসিকতার অজ্ঞান আবরণ ভুলিয়া সাত্ত্বিক শুদ্ধ আনন্দে ঋদ্ধ ও পুণ্য হউক। ভারতবর্ষ আবার জনগণসভায় আপন যোগ্য আসনে প্রতিষ্ঠিত হউক। দেশের সমস্ত গ্লানি দূর হইয়া ঋত ও সত্যের দীপ্তিতে পরিবেশ ভাস্বর হউক।

বেদের চতুর্থ বিশেষত্ব তাহার সমুদার দৃষ্টি। বৈদিক ঋষি বিশ্ব কথাটিকে বড়ই ভালবাসেন। বিশ্বদেবের তিনি পূজা করেন, বিশ্বজনের তিনি হিত কামনা করেন। অথর্ব্ব বেদে পাই—

প্রিয়ং মা কৃণু দেবেষু প্রিয়ং রাজসু মা কৃণু।
প্রিয়ং সর্ব্বস্য পশ্যতঃ উত শূদ্র উতার্য্যে॥

হে ভগবান্ তুমি কেবল দেবতাদের প্রিয় করিও না, তুমি কেবল রাজন্যদের প্রিয় করিও না। কি শূদ্র, কি আর্য্য, তুমি যেন সকলের প্রিয় সাধন কর।"

সপ্তম সূক্তে পাই—

ইন্দ্রং বো বিশ্বতস্পরি হবামহে জনেভ্যঃ
অস্মাকমস্তু কেবলঃ।

তোমাদের বিশ্বজনের জন্য আমাদের চেতনার প্রত্যেক ভূমি ঘিরিয়া ইন্দ্রকে ডাকিয়া আনিতেছি। একান্তই তিনি আমাদের হউন।

ইন্দ্র একার জন্য নহে সকলের জন্য। তাহার আহ্বান বিশ্ববাসীর জন্য। প্রথম মণ্ডলের নবম অনুবাক্ পঞ্চাশ সূক্তে মন্ত্র আছে—

তরণির্ব্বিশ্বদর্শতো জ্যোতিষ্কৃদসি সূর্য্য।
বিশ্বমা ভাসি রোচনং। ১।৫০।৪

ইহার ব্যাখ্যায় সায়ণ বলেন—হে সূর্য্য অন্তর্য্যামিতয়া সর্ব্বস্য প্রেরক পরমাত্মন্ তরণিঃ সংসারাব্ধেস্তারকোহসি।" হে সূর্য্য! তুমি সর্ব্বান্তর্য্যামী, তুমি সকলের প্রেরক পরমাত্মা। এই ভবসাগরের তুমিই পরিত্রাতা তরণি। মুক্তিলিপ্সু বিশ্ববাসী তোমারই সাক্ষাৎকার লাভ করিবে, তুমি জ্যোতিষ্কগণের স্রষ্টা, চিৎরূপে বিশ্বস্থ সমস্ত দর্শনীয় বস্তুকে নিজে দীপ্তমান হইয়া প্রকাশিত কর।

এই সাম্য মন্ত্র, এই উদারতা, এই প্রসন্ন শুচিতা, এই ব্যাপকতা বৈদিক সাহিত্যের যত্রতত্র দেখিতে পাওয়া যায়।

বৈদিক সাধনা একার নহে, ব্যক্তির নিভৃত যোগজীবন নহে, তাহা সংঘজীবন। তাহাদের ক্রিয়াকলাপ গোষ্ঠীর কল্যাণে ও গোষ্ঠীর ইচ্ছায় পরিচালিত। আধুনিক কালে আমরা সংঘ, সমিতি ও ঐক্যের প্রত্যহ জয় গান করি। আশ্চর্য্য হইতে হয় যে, সেই অতি পুরাতন কালেও বেদের ঋষি এই সংঘ শক্তির স্তব রচনা করিয়াছেন।

ঋগ্বেদের দশম মণ্ডলে এক হইবার যে প্রার্থনা, সে প্রার্থনা আজিও যেন আমাদের একান্ত কাম্য।

সংগচ্ছধ্বং সংবদধ্বং সং বো মনাংসি জানতাম্।
দেবাভাগং যথাপূর্ব্বে সংজানাহউপাসতে॥

সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী সমানং মনঃ সহচিত্তমেষাম্।
সমানং মন্ত্রমভিমন্ত্রয়েবঃ সমানে নবোহবিষা জুহোমি ॥
সমানী বঽ আকূতিঃ সমানা হৃদয়ানি বঃ।
সমানমস্তু বো মনো যথা বঃ সুহাসতি ॥

আমাদের কবি বাংলার মাটি, বাংলার জল, বাংলার ফুল ও ফলকে এক ও সত্য হইবার জন্য প্রার্থনা করিয়াছেন, কিন্তু এ প্রার্থনা কোনও বিশেষ দেশের জন্য নয়, বিশেষ কালের জন্য নয়। সর্ব্বমানবের ইহাই মিলন-মন্ত্র—"হে বিশ্ববাসী! তোমরা একত্র চল, একত্র বল, তোমাদের মন অভিন্ন হউক, তোমরা বাক্য ও মনে অবিরোধ লাভ করিয়া একত্র তপস্যা ও উপাসনায় প্রবৃত্ত হও। তোমাদের মন্ত্র সমান হউক, তোমাদের সমিতি সমান হউক। তোমাদের চিত্ত ও মন এক হউক, তোমরা সমান মন্ত্রে বিশ্বযজ্ঞে প্রবৃত্ত হও, তোমাদের আকৃতি, তোমাদের হৃদয়, তোমাদের চিত্ত এক ও অভিন্ন হউক, তাহা হইলেই তোমরা কল্যাণ লাভ করিয়া হাসিতে পারিবে।"

কি সুন্দর মর্ম্মস্পর্শী আহ্বান—মনে হয় না যে ইহা প্রায় ৬০০০ বৎসর পূর্ব্বে রচিত হইয়াছিল।

বেদের চরম ও পরম বিশেষত্ব তাহার আধ্যাত্মিকতা। বেদের অমৃত রস-সমুদ্র হইতে যে ধারা উঠিয়াছিল তাহাই কাল ও দেশের ব্যবধান ভাঙিয়া আমাদের জীবনকেও আজ উর্ব্বর করিয়া তুলিতেছে। আমাদের ধর্ম্ম সাধনার ইতিহাসে বেদের এই পারমার্থিকতার অখণ্ড প্রভাব বর্ত্তমান।

উপনীত দ্বিজ চতুর্ব্বেদ, ত্রিবেদ, দ্বিবেদ বা এক বেদ অধ্যয়ন করিবেন। এক বেদ অধ্যয়ন করিলে পিতৃপিতামহের যে বেদ তাহাই

পড়িবে। কিন্তু দুঃখের বিষয় চতুর্ব্বেদী, ত্রিবেদী, দ্বিবেদী, একবেদী ব্রাহ্মণের পরিবর্ত্তে আজ চোবে, দোবে, তেওয়ারী নামধারী ব্যক্তি পাই।

বেদ অধ্যয়ন নিত্য-কর্ত্তব্য, যথাবিধি বেদ না পড়িলে পাতিত্য হয়। সায়ণ বলেন "পিতৃপিতামহের যথাক্রমে আগত বেদ পড়িলে সমস্ত দোষ তিরোহিত হয়, বেদ পবিত্র দেবস্বরূপ। যে এই পুণ্য বেদকে ত্যাগ করে তাহার বাক্যে কোনও ভাগ্যোদয় হয় না। ভাগ্যোদয় ত দূরের কথা, যে দেবতা, ধর্ম্ম ও ব্রহ্মতত্ত্বের প্রতিপাদক বেদাধ্যয়ন না করিয়া, মিথ্যা বাক্য ও কলহের কারণ লৌকিক সাহিত্য পড়ে, তাহার বাক্যে কখনই ভাগ্যোদয় হইবে না। বিধিপূর্ব্বক বেদ না পড়িয়া অন্য শাস্ত্র পড়িলে কেবল বাক্যেরই গ্লানি হয়—নানুধ্যায়ান্ বহূন্ শব্দান্ বাচো বিগ্লাপনং হি তৎ।"

বেদের এত মহিমা! কারণ বেদ মানুষের আপাতসুখকর প্রেয়ের নির্দ্দেশ না করিয়া শ্রেয়েরই নির্দ্দেশ করিয়াছেন। শ্রীঅরবিন্দ তাঁহার ভাগবত জীবন নামক গ্রন্থে লিখিয়াছেন—"A return or a progress to integrality, a disappearance of the limitation, a breaking down of separativeness, an overpassing of boundaries, a recovery of our essential and whole reality must be the sign and opposite character of the inner turn towards knowledge. There must be a replacement of a limited and separative by an essential and integral consciousness identified with the original truth and the whole truth of self and existence. The integral knowledge is something that is already there in the

integral reality, it is not new or still non-existent thing, that has to be created, acquired, learned, invented or built up by the mind. It must rather be discovered or uncovered, it is a truth that is self-revealed to a spiritual endeavour ; for it is their viewed in our deeper and greater self ; it is the very stuff of our own spiritual consciousness and it is by awakening to it even in our surface self that we have to possess it."

মানুষের হৃদয়ের অন্তঃস্তলে যে গুহাহিত গহ্বরেষ্ঠ পুরুষ আছেন, তাহার জন্যই মানুষের তপস্যা। মানুষ সেই আত্মারাম পুরুষ হইতে বিচ্ছিন্ন, তাইত তাহার জীবনে এত দুঃখ, এত বিষাদ। এই বিচ্ছেদের বেড়া ভাঙ্গিয়া সেই সৎস্বরূপকে জানিবার সাধনাই মানুষের কাম্য।

বেদান্তের মাঝে এই তত্ত্ব সম্যক্ পরিস্ফুট। উপনিষদের শ্লোকে শ্লোকে এই আত্মমুখী গতির বাণী। কঠের দুইটি শ্লোক মাত্র তুলিতেছি :—

একো বশী সর্ব্বভূতান্তরাত্মা
একং রূপং বহুধা য করোতি।
তমাত্মস্থং যেঽনুপশ্যন্তি ধীরা
স্তেষাং সুখং শাশ্বতং নেতরেষাম্ ॥ ২।২।১২

নিত্যোঽনিত্যানাং চেতসশ্চেতনানাম্
একো বহুনাং যো বিদধাতি কামান্।
তমাত্মস্থং যেঽনুপশ্যন্তি ধীরা
স্তেষাং শান্তিঃ শাশ্বতী নেতরেষাম্। ২।১।৩

"সর্ব্বভূতের অন্তরাত্মা হইয়া সর্ব্বনিয়ন্তা সেই যে এক আত্মা এক রূপকে বহু করেন, যিনি অনিত্যের মধ্যে শাশ্বত কারণ-শক্তি, যিনি চেতনের চৈতন্য, যিনি অদ্বিতীয় হইয়াও বহু জীবের কর্ম্মফল গ্রহণ করেন, সেই এককে যাহারা আপন বুদ্ধিতে অভিব্যক্ত দেখেন, তাহারাই শাশ্বত সুখ ও শান্তি লাভ করেন।"

উপনিষদের এই পরমতত্ত্ব বেদমূল। বেদেই এই আধ্যাত্মিক অনুভূতির প্রকাশ।

"কো অদ্ধা বেদ ক ইহ প্র বোচত্
কুত আজাতা কুত ইয়ং বিসৃষ্টিঃ।
অর্ব্বাগ্দেবা অস্য বিসর্জনেনা
থা কো বেদ যত আবভূব॥ ১০।১২৯।৭

ইয়ং বিসৃষ্টি যত আবভূব
যদি বা দধে যদি বা ন।
যো অস্যাধ্যক্ষঃ পরমে ব্যোমন্
সো অঙ্গ বেদ যদি বা ন বেদ। ১০।১২৯।৮

"কে জানে সত্য, কে বলিবে কোথা হইতে আসিল এই পৃথিবী? কেমন করিয়া সৃষ্ট হইল এই বিশ্ব চরাচর? দেবতারা বিশ্বসৃষ্টির পরে আসিয়াছেন—অতএব কে এই সৃষ্টির তত্ত্ব বলিবে?

কেমন করিয়া এই সৃষ্টি আসিল? তিনি কি ইহার প্রতিষ্ঠাতা, কিংবা প্রতিষ্ঠাতা নয়? কে জানে, যিনি পরম ব্যোমে ইহার অধ্যক্ষ, তিনিই হয়ত জানেন, কিংবা হয়ত জানেন না।"

এই প্রশ্ন হইতে জিজ্ঞাসা জাগিল—কস্মৈ দেবায় হবিষা বিধেম? কাহার অর্চ্চনা করিব? সেই প্রশ্নের উত্তরে ঋষিরা জানিলেন, ইন্দ্র, চন্দ্র, বায়ু ও বরুণ প্রভৃতি যত দেবতা, সকলই এক ও অদ্বিতীয় ব্রহ্ম, সমস্তই একের প্রকাশ ও অভিব্যক্তি। সায়ণের ব্যাখ্যায় বেদের এই অদ্বৈতবাদ মূলক ব্যাখ্যান পাই না—তিনি উপক্রমণিকায় অদ্বৈততত্ত্ব বলিলেও ব্যাখ্যায় তাহার বিশেষ অনুসরণ করেন নাই। প্রয়োজনমত সায়ণকে অতিক্রম করিয়া বেদের সরল সুন্দর কবিত্বময় কাব্যরসের আস্বাদন করিতে হইবে।

বেদের অধ্যয়ন ও স্বাধ্যায় দ্বারা আমাদিগকে বেদার্থ জানিতে হইবে! কারণ সায়ণ এই বিষয়ে দুইটি চমৎকার শ্লোক তুলিয়াছেন :—

স্থাণুরয়ং ভার হার কিলাভূ-
দধীত্য বেদং ন বিজানাতি যোঽর্থং।
যোঽর্থজ্ঞ ইৎ সকলং ভদ্রমশ্নুতে
নাকমেতি জ্ঞানবিধূত পাপ্মা।
যদ্ গৃহীতমবিজ্ঞাতং নিগদেনৈব শব্দ্যতে।
অনগ্নাবিব শুষ্কৈধো ন তজ্জলতি কর্হিচিৎ॥

যে বেদ পড়িয়াছে অথচ অর্থ জানেনা, সে স্থাণু অর্থাৎ নিঃশাখ বৃক্ষের ন্যায় কেবল ভার বহন করিয়া থাকে। যে অর্থ জানে, সে সকল মঙ্গলপ্রাপ্ত হয় এবং জ্ঞানের দ্বারা সমস্ত পাপ ক্ষয় করিয়া স্বর্গে গমন করে। যে স্থলে আগুন নাই, সেখানে শুক্‌না কাঠ ফেলিলে যেমন জ্বলে না, সেইরূপ অর্থ না জানিয়া কথাদ্বারা কেবল বেদমন্ত্র উচ্চারণ করিলে তাহাতে কোন ফলই হয় না।" সায়ণ যাস্ক হইতে এই শ্লোক দুইটী গ্রহণ করেন, যাস্ক আবার প্রতিশাখ্য হইতে ইহা উদ্ধৃত করেন।

আমাদিগকেও তাই বেদের অর্থ-জ্ঞানে বিশেষ আয়াস করিতে হইবে। না বেদন্মিনুতে তং বৃহন্তম্—তৈ—৩।১২।৯ এই শ্রুতি হইতে জানি যে বেদ না জানিলে ব্রহ্মকে জানা যায় না। ধর্ম্মলাভের বস্তু, পুণ্য-প্রদ, ঐহিক ও পারলৌকিক কল্যাণ করিয়া বেদজ্ঞান আবার আমাদের আসুক। আমরা আবার অমৃতময় বেদবাণী জানিয়া অমরত্ব লাভ করি।

বৈদিক ঋষি সরস্বতীর নিকট জ্ঞান প্রার্থনা করিতেন, আমরাও সেই প্রার্থনা পুনরুল্লেখ করিয়া এই প্রবন্ধ উপসংহার করিব।

"পাবকা নঃ সরস্বতী বাজেভির্বাজিনীবতী।
যজ্ঞ বষ্টুং ধিয়াবসুঃ ॥১০
চোদয়িত্রী সুনৃতানাং চেতন্তী সুমতীনাং
যজ্ঞং দধে সরস্বতী ॥১১
মাহো অর্ণঃ সরস্বতী প্রচেতয়তি কেতুনা।
ধিয়ো বিশ্বা বিরাজতি ।১২

হে জননী সরস্বতী, তুমি আমাদিগকে পবিত্র করিয়া তুলিতেছে, তুমি পূর্ণ সম্পদে আমাদের সমৃদ্ধ কর। বুদ্ধি তোমার সত্তার সম্পদ, তুমি তুমি আমাদের জীবনাহুতি গ্রহণ কর।

তুমি মা কল্যাণময় সত্যবাকের পরিচালনা কর, তুমি সুমতি ব্যক্তির চেতনাকে অনুপ্রাণিত কর, তুমি আমাদের জীবনযজ্ঞকে ধারণ কর। তুমি ভূমার সাগরকে চেতন করিয়া তুলিতেছ—তোমার সত্য ও জ্ঞানের জ্যোতিতে দীপ্ত করিতেছ, তুমি সকল ধীকে বিকশিত কর।

বেদ নিত্য শাশ্বত জ্ঞান ভাণ্ডার। জ্ঞানদীপ্ত মন লইয়া আমরা যেন নিবিড় সত্যের উপলব্ধি করি, আমরা যেন তপঃশক্তির বিপুল প্রেরণা লাভ করি। জীবনের সকল কর্ম্মে যেন শাশ্বত ছন্দ প্রাপ্ত হই, আমরা যেন পরম আনন্দ লাভ করি। বৃহৎ সত্যের স্পর্শে আমরা যেন পুলকিত হই, ভূমার আহ্বানে আমরা যেন প্রবুদ্ধ হই, বীর্য্যে আমরা যেন প্রতিষ্ঠিত হই, বাক্যে ও মনে আমরা যেন ভদ্রকে দর্শন করি।

ওঁ পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণমুদচ্যতে,
পূর্ণস্য পূর্ণমাদায় পূর্ণমেবাব শিষ্যতে।

ওঁ শান্তিঃ, শান্তিঃ, শান্তিঃ ॥

———

৫ই জ্যৈষ্ঠ
মঙ্গল—গোধূলি
১৩৪৯

ভূমিকা

স্মৃতিকার যাজ্ঞবল্ক্য বলিয়াছেন ঃ—

পুরাণ ন্যায় মীমাংসা ধর্ম্মশাস্ত্রাঙ্গমিশ্রিতাঃ
বেদাঃ স্থানানি বিদ্যানাং ধর্ম্মস্য চ চতুর্দ্দশ ॥
ইতিহাস পুরাণাভ্যাং বেদং সমুপবৃংহয়েৎ ।
বিভ্যেত্যল্পশ্রুতাদ্বেদো মাময়ং প্রহরেদিতি ॥

বেদকে জানা সহজ নহে। পুরাণ, ন্যায়, মীমাংসা, স্মৃতি ও ষড় বেদাঙ্গ এই জানিয়া যে চারি বেদ জানে সেই বিদ্যা ও ধর্ম্মকে জানে, কারণ তাহাদের আশ্রয় চারি বেদ, ষড়ঙ্গ ও পুরাণ, ন্যায়, মীমাংসা ও স্মৃতি এই চতুর্দ্দশ। ইতিহাস ও পুরাণ হইতে বেদের সার সমুদ্ধার করিবে। যে অল্পশ্রুতি সে বেদকে প্রহার করিবে, এই ভয়ে বেদ ভীত হয়।

ঋগ্বেদ নামক মহাগ্রন্থের অনুবাদে প্রবৃত্ত হইয়া আমার বারংবার যাজ্ঞবল্ক্যের কথা মনে জাগিতেছে—আমি হয়ত বেদের অমৃত বাণীকে কলুষিত করিব, সুন্দরকে অসুন্দর করিব, সত্যকে অসত্য করিব, মহৎকে ক্ষুদ্র করিব। কিন্তু সাধারণ পাঠক বেদ জানিতে ও বুঝিতে পারেন এমন পুস্তক বাংলাদেশে নাই, তাই স্বল্পাবসর কর্ম্মব্যস্ত জীবনেও, এই দুরূহ কার্য্যে আত্মনিয়োগ করিয়াছি। ৬৪ খণ্ডে বেদের ৬৪ অধ্যায় প্রকাশ করিব। এই শ্রমসাধ্য ব্রত সম্পন্ন হইবে কিনা জানি না, তবে যিনি মূককে বাচাল করেন, গিরিকে পর্ব্বতলঙ্ঘন করান, সেই পরাৎপর পরমেশ্বরের কৃপা যাচ্ঞা করি।

প্রতি খণ্ডে বেদ বিষয়ক একটি প্রবন্ধ, মূল, মূলের অর্থবোধক সায়ণ ভাষ্যাংশ এবং মূলানুগত পদ্যানুবাদ থাকিবে। এই বিরাট্ আয়োজনে সমগ্র বাঙ্গালী জাতির অনুকম্পা ও সহমর্ম্মিতা প্রার্থনা করি। আমি পণ্ডিত নই, আমি বামন হইয়া চাঁদ ধরিতে সংকল্প করিয়াছি। কিন্তু যিনি সকল অঘটন ঘটাইতে পারেন, তাঁহারই কৃপায় এই গ্রন্থ সমাপ্তির কামনা করি।

অথর্ব্ববেদ ঋগ্বেদকে পরমপুরুষের প্রাণের সঙ্গে তুলনা করিয়াছেন। সায়ণ তাহার সামবেদের ভাষ্যে ঋগ্বেদকে বেদপুরুষের অঙ্গবিভূষণ কঙ্কণাদিসম বলিয়াছেন। ঋগ্বেদ আদি, ইহার প্রাধান্য সর্ব্বত্র স্বীকৃত। তৈত্তিরীয় সংহিতায় পাই—

"যদ্বৈ যজ্ঞস্য সাম্না যজুষা ক্রিয়তে শিথিলং তদ্যদৃচা
তদ্দৃঢ়মিতি। ৬।৫।১০

যজু ও সাম যে যজ্ঞ করে তাহা শিথিল, ঋক্ যাহা করে তাহা দৃঢ় হয়। অন্যান্য বেদে ঋকমন্ত্র উদ্ধৃত হইয়াছে। ছন্দোগ উপনিষদে নারদ সনৎকুমারকে যখন আপন শাস্ত্রজ্ঞানের পরিচয় দেন, তখন প্রথমেই ঋগ্বেদের উল্লেখ করিয়াছেন। মুণ্ডকোপনিষৎ, তাপনীয়োপনিষৎ প্রভৃতি গ্রন্থেও ঋগ্বেদের প্রাধান্য স্বীকৃত হইয়াছে। ঋগ্বেদের প্রাধান্য তাই সর্ব্বসম্মত। যজ্ঞে হোতৃ নামক ঋত্বিকেরা ঋক্ উচ্চারণ করিতেন।

ঋগ্বেদ ১০২৮টি সূক্তে গ্রথিত—তন্মধ্যে অষ্টম মণ্ডলের এগারোটি ঋক্ খিল বলিয়া পরিচিত। অর্থাৎ এগারোটি শেষকালে যোড়া হইয়াছে। ঋগ্বেদে মোট ঋক সংখ্যা ১০,১৮৫½, ঋক সংখ্যা ১০৫৩,৮২৬ ও স্বর সংখ্যা ৪৩২০০০। প্রথম মণ্ডলে বিশ্বামিত্রপুত্র মধুচ্ছন্দা, শক্তিপুত্র পরাশর, কাণ্ব প্রভৃতি বিভিন্ন ঋষির দৃষ্ট ১৯১টি সূক্ত আছে।

ভূমিকা

গৃৎসমদ বংশীয় ঋষিগণের দৃষ্ট ৪৩টি সূক্তে দ্বিতীয় মণ্ডল, বিশ্বামিত্র বংশীয় ঋষিগণের দৃষ্ট ৬২টি সূক্তে তৃতীয় মণ্ডল, চতুর্থ মণ্ডলে বামদেব ও তাহার বংশধর ঋষিরা ৫৮টি সূক্ত দর্শন করিয়াছেন, পঞ্চম মণ্ডলের ৮৭টি সূক্ত অত্রি গোত্রের দৃষ্ট, ষষ্ঠ মণ্ডলের ৭৫টি ভরদ্বাজ গোত্রের, সপ্তমের ১০৪টি সূক্ত বশিষ্ঠ বংশের, অষ্টম মণ্ডলের ১০৩টি সূক্ত কাণ্ব বংশীয়—ইহার মধ্যে এগারোটি প্রচলিত শাকল সংহিতায় নাই, সায়ণের ভাষ্যেও ইহারা নাই—এই বালখিল্য সূক্তগুলি পরবর্ত্তী কালের রচনা বলিয়া মনে হয়। নবম মণ্ডলে ১১৪টি সূক্ত আছে। সমস্তগুলিই সোমের উদ্দেশে রচিত। সামবেদের সহিত ইহার সাদৃশ্য আছে। দশম মণ্ডলের দ্রষ্টা ঋষি নানা—ইহাতে ১৯১ সূক্ত আছে—সকলগুলির দ্রষ্টার নাম পাওয়া যায় না। দশম মণ্ডলকে পণ্ডিতেরা অর্ব্বাচীন বলিয়া মনে করেন।

মণ্ডল বিভাগ ছাড়া বেদের আর এক প্রকার ভাগ আছে। সমগ্র ঋগ্বেদ আটটি অষ্টকে বিভক্ত—প্রত্যেক অষ্টক আটটি অধ্যায়ে গ্রথিত, প্রত্যেক অধ্যায় গড়ে ষোলটি সূক্তে গ্রথিত। অষ্টক ও অধ্যায় ভাগের তত্ত্ব দুর্নির্ণেয়, কিন্তু এই ভাগে মোটামুটি সমস্ত অংশগুলি সমান হয়। এইজন্যই আমি অষ্টক বিভাগ অনুসারে খণ্ডগুলি প্রকাশ করিব স্থির করিয়াছি।

এই অনুবাদে সাধারণতঃ সায়ণ ভাষ্যের অনুসরণ করিয়াছি। কারণ সায়ণের ভাষ্যই বেদের বুঝিবার পক্ষে প্রধানতম উপায়। কিন্তু সায়ণের ব্যাখ্যা যেখানে পরিস্ফুট নহে, সেখানে স্কন্দস্বামীর ভাষ্যও লইয়াছি। পশ্চিমের পণ্ডিতদের ব্যাখাও কোথাও কোথাও হয়ত লইয়াছি। মোটের উপর অনুবাদের সমস্ত দায়িত্ব আমারই—আমি যেরূপ বুঝিয়াছি সেইরূপ অনুবাদ করিয়াছি।

শ্রোতার ও পাঠকের বুদ্ধিবৃত্তির তারতম্য অনুসারে একই জিনিষ নানা জনের নিকট নানাভাবে প্রতিভাত হয়। সায়ণ যে বিশেষ দৃষ্টিকোণ হইতে টীকা রচনা করিয়াছেন, তাহা সর্ব্বায়ত নহে। বেদের মূলকে বারংবার পাঠ করিয়া এবং বৈদিক সাহিত্যের অন্তঃপ্রমাণের সাহায্যে যে ব্যাখ্যা ভারতীয় ধর্ম্ম ও দর্শনের বেদময়তা পরিস্ফুট করে, সেই ব্যাখ্যাই আদর্শ হওয়া উচিত।

এই পুস্তক পণ্ডিতদের জন্য নয়। ইহার প্রবন্ধগুলিকে তাই পণ্ডিত-দের জন্য কণ্টকিত করি নাই। আর পাণ্ডিত্যপূর্ণ গবেষণামূলক প্রবন্ধ লিখিবার মত বিদ্যা আমার নাই। এই অনুবাদে এবং প্রবন্ধ রচনায় পূর্ব্ব সুধীগণের রচিত প্রবন্ধ ও পুস্তক হইতে মুক্ত হস্তে সাহায্য লইয়াছি। তাহাদের সকলের নিকট আমার গভীর ঋণ স্বীকার করি। শ্রীযুক্ত দুর্গাদাস লাহিড়ীর রচিত ঋগ্বেদই আমার উপজীব্য—তাঁহার গ্রন্থমালার নিকট আমি বিশেষভাবে ঋণী।

এই পুস্তক প্রকাশে ও প্রচারে যে সব বন্ধু ও অন্তরঙ্গের সাহায্য পাইয়াছি, তাহাদের সকলের কথা শ্রদ্ধালু হইয়া স্মরণ করি। ইহার সমস্ত স্খলন ও ত্রুটিকে অনুরাগী পাঠকেরা ক্ষমা করিবেন। আমি ব্যস্ত মানুষ, স্বল্পাবসর জীবনে যে মহাব্রত গ্রহণ করিলাম তাহাতে পুনরায় সকলের উৎসাহ ও আশীর্ব্বাদ ভিক্ষা করি। যাঁহারা আশীর্ব্বচন দিয়া লেখককে উৎসাহিত করিয়াছেন তাঁহাদের সকলকেই শ্রদ্ধাভিবাদন জানাই।

প্রবর্ত্তক-সম্পাদক বন্ধুবর শ্রীরাধারমণ চৌধুরী উদার সৌজন্যে প্রুফ দেখার সাহায্য করিয়াছেন। কৃতজ্ঞতা জানাইয়া সন্ন্যাসীর অপমান করিব না। কিন্তু আমার নিজের প্রুফ দেখিবার ত্রুটিতে দুই একটি ভুল হয়ত রহিয়া গিয়াছে; তাহার জন্য মার্জ্জনা ভিক্ষা করি। ইহার

ভূমিকা

পরের খণ্ডগুলির নিয়মিত প্রকাশের দায়িত্ব বাংলার ধর্ম্মপ্রাণ গুণানুরাগী পাঠকদের উপর নির্ভর করে। তাহাদের কৃপাদৃষ্টি না পাইলে এই ব্যয় বহুল শ্রমসাধ্য কাজ চালানো কষ্টকর। সাধারণতঃ তিন চারি মাস অন্তর এক এক খণ্ড প্রকাশ হইবে এই ভরসা করি। বাংলার অর্থসচিব স্বনামধন্য শ্রীযুক্ত শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় মহাশয় ইহার মুখবন্ধ লিখিয়া দিয়া আমাকে চিরকৃতজ্ঞ করিয়াছেন।

যিনি সহস্রশীর্ষ, সহস্রাক্ষ, সহস্রপাৎ, সেই পরম পুরুষের প্রসাদ ভিক্ষা করি। হে দেবতা, তুমি আমার ধীকে প্রদীপ্ত কর, নির্ম্মল মেধায় মনকে সমৃদ্ধ কর। তোমার চক্ষু সকল কাজে, তোমার কাণ সর্ব্বব্যাপক, তুমি আমার এই আরব্ধ ব্রতে তোমার প্রসন্ন দৃষ্টিপাত কর। আমার গভীর দীনতায়, আমার ব্যাকুল কাতরতায় কর্ণপাত কর। আমার সমস্ত অক্ষমতা ও অপূর্ণতাকে তুমি পূর্ণ কর। হে জ্যোতির্ম্ময়, তোমার দিব্য জ্যোতিতে আমার অজ্ঞান অন্ধকার বিদূরিত কর।

শ্রী ও লক্ষ্মী তোমার, দিবা ও রাত্রি তোমার, তোমারই রূপে নক্ষত্র জ্যোতির্ম্ময়, দ্যাবাপৃথিবী তোমার আজ্ঞাবহ। হে ঈশান্! সর্ব্বলোক তোমার ইচ্ছায় চলে। তুমি সর্ব্বলোকের আদরের ধন, সর্ব্ব কর্ম্মে, সর্ব্বস্থানে যেন তোমায় অনুভব করি। তুমি আমার এই তুচ্ছ অর্ঘ্য গ্রহণ কর, আমার এই আয়োজন পরিপূর্ণ কর।

ওঁ হরি ওঁ

বুধপ্রভাত, ৬ই জ্যৈষ্ঠ,
১৩৪৯

শ্রীমতিলাল দাশ

বেদস্তুতি

নমো নমো বেদমাতা ! ভারতের জ্ঞানখনি !
চিরসাধনার ধন, চির নয়নের মণি !
ঋষির হৃদয়-পদ্মে উঠেছিলে তুমি ফুটি,
সেই হতে আজো সবে চরণে পড়িছে লুটি ।
কোন্ সে অতীত দিনে নাহি তার কোনো রেখা,
হৃদয়ে রয়েছে শুধু জ্যোতি কমলের লেখা ।
কালের অনন্ত যাত্রা দিয়েছে সকল মুছি,
জ্যোতির্ম্ময় তুমি আছ চির প্রিয়, চির শুচি ।
তোমার রহস্য দ্বার খোলো খোলো হে জননী !
নূতন যজ্ঞের লাগি পুনঃ জ্বালিব অরণি,
বিশ্বের বিক্ষুব্ধ চিত্ত চায় আজি শান্তিবারি,
কল্যাণ আশীষ হস্তে তুমি এস তৃষাহারী ।
তোমার কলস হ'তে ঢালো সোমধারা ঢালো,
দীপ্ত জ্যোতি প্রজ্ঞাদীপ, মাগো ! ঘরে ঘরে জ্বালো ।
অমৃতের যে বারতা ঘোষণা করেছ নিত্য
মধুময় স্পর্শে তার কর তৃপ্ত জগচিত্ত ।

ঋগ্বেদ-সংহিতা।

প্রথমং মণ্ডলং। প্রথমোঽনুবাকঃ। প্রথমং সূক্তং।
প্রথমোঽষ্টকঃ। প্রথমোঽধ্যায়ঃ। প্রথমো বর্গঃ।

প্রথমং সূক্তম্

প্রথম মণ্ডলস্থ প্রথমানুবাকে প্রথমং সূক্তং। ঋষির্বিশ্বামিত্রপুত্রো মধুচ্ছন্দাঃ। অগ্নির্দেবতা। গায়ত্রীচ্ছন্দঃ। এতস্য আগ্নেয়সূক্তস্য ব্রহ্মযজ্ঞান্তে বিনিয়োগঃ অগ্নিষ্টোমে চ।

ওঁ॥ অগ্নিমীলে পুরোহিতং যজ্ঞস্য দেবমৃত্বিজং।
হোতারং রত্নধাতমং॥ ১॥

অগ্নিনামকং দেবমীলে স্তৌমি। যজ্ঞস্য পুরোহিতং যথা রাজ্ঞঃ পুরোহিতস্তদভীষ্টং সম্পাদয়তি তথাগ্নিরপি যজ্ঞস্যাপেক্ষিতং হোমং সম্পাদয়তি। যদ্বা যজ্ঞস্য সম্বন্ধিনি পূর্ব্বভাগ আবহনীয়রূপেণাবস্থিতং। দেবং দানাদিগুণযুক্তম্ হোতারমৃত্বিজম্। দেবানাং যজ্ঞেষু হোতৃনামক ঋত্বিগগ্নিরেব। তথাচ শ্রূয়তে। অগ্নির্ব্বৈ দেবানাং হোতেতি। রত্নধাতমং যাগফলরূপাণাং রত্নানামতিশয়েন ধারয়িতারং পোষয়িতারং বা।

অগ্নিঃ পূর্ব্বেভি ঋষিভিরীড্যো নূতনৈরুত।
স দেবাঁ এহ বক্ষতি॥ ২॥

অয়মগ্নিঃ পূর্ব্বেভিঃ পুরাতনৈ ভৃগ্বঙ্গিরঃ প্রভৃতিভি ঋষিভিরীড্য স্তুত্যো নূতনৈরুতৈদানীন্তনৈরস্মাভিরপি স্তুত্যঃ। সোঽগ্নি স্তুতঃ সন্নিহ যজ্ঞে দেবান্ হবির্ভুজ আবক্ষতি।

অগ্নিনা রয়িমশ্নবৎ পোষমেব দিবেদিবে

যশসং বীরবত্তমং ॥৩॥

যোঽয়ং হোত্রা স্তুত্যোঽগ্নিস্তেনাগ্নিনা নিমিত্তভূতেন যজমানো রয়িং ধনমশ্নবৎ। প্রাপ্নোতি। কীদৃশং রয়িং। দিবেদিবে পোষমেব। প্রতিদিনং পুষ্যমানতয়া বর্দ্ধমানমেব ন তু কদাচিদপি ক্ষীয়মাণং। যশসং দানাদিনা যশোযুক্তং। বীরবত্তমং অতিশয়েন পুত্রভৃত্যাদিবীরপুরুষোপেতং। সতি হি ধনে পুরুষাঃ সম্পদ্যন্তে।

অগ্নে যং যজ্ঞমধ্বরং বিশ্বতঃ পরিভূরসি।

স ইদ্দেবেষু গচ্ছতি ॥ ৪ ॥

হে অগ্নে ত্বং যং যজ্ঞং বিশ্বতঃ সর্ব্বাসু দিক্ষু পরিভূঃ পরিতঃ প্রাপ্তবানসি স ইৎ স এব যজ্ঞো দেবেষু তৃপ্তিং জনয়িতুং স্বর্গে গচ্ছতি। প্রাচ্যাদি-চতুর্দ্দিগন্তেষ্বাবহনীয়মার্জ্জালীয়-গার্হপত্যাগ্নীধ্রীয়-স্থানেষগ্নিরস্তি। পরিশব্দেন হোত্রীয়াদিধিষ্ণ্যব্যাপ্তির্বিবক্ষিতা। অধ্বরং হিংসারহিতং; নহ্যগ্নিনা সর্ব্বতঃ পালিতং যজ্ঞং রাক্ষসাদয়ো হিংসিতুং প্রভবন্তি।

অগ্নির্হোতা কবিক্রতুঃ সত্যশ্চিত্রশ্রবস্তমঃ।

দেবোদেবেভিরাগমৎ ॥ ৫ ॥

অয়মগ্নির্দ্দেবোঽন্যৈর্দ্দেবৈর্হবির্ভোজিভিঃ সহাগমৎ। অস্মিন্ যজ্ঞে সমাগচ্ছতু। হোতা হোমনিষ্পাদকঃ। কবিক্রতুঃ কবিশব্দোঽত্র ক্রান্তবচনো নতু মেধাবী নাম। ক্রতু প্রজ্ঞানস্য কর্ম্মণো বা নাম। ততঃ ক্রান্তপ্রজ্ঞঃ ক্রান্তকর্ম্মা বা। সত্য অনৃতরহিতঃ। ফলমবশ্যং প্রযচ্ছতীত্যার্থঃ। চিত্রশ্রবস্তমঃ। শ্রূয়ত ইতি শ্রবঃ কীর্ত্তিঃ। অতিশয়েন বিবিধকীর্ত্তিযুক্তঃ।

যদঙ্গ দাশুষে ত্বমগ্নে ভদ্রং করিষ্যসি।

তবেত্তৎ সত্যমঙ্গিরঃ ॥ ৬ ॥

অঙ্গাগ্নে হে অগ্নে ত্বং দাশুষে হবির্দত্তবতে যজমানায় তৎপ্রীত্যর্থং যদ্ভদ্রং বিত্তগৃহপ্রজাপশুরূপং কল্যাণং করিষ্যসি তদ্ ভদ্রং তবেৎ। তবৈব সুখহেতুরিতি শেষঃ। হে অঙ্গিরোঽগ্নে। এতচ্চ সত্যং ন ত্বত্র বিসম্বাদোঽস্তি। যজমানস্য বিত্তাদিসম্পত্তৌ সত্যামুত্তরক্রত্বনুষ্ঠানেনাগ্নেরেব সুখং ভবতি।

উপত্বাগ্নে দিবেদিবে দোষাবস্তর্ধিয়া বয়ং।

নমো ভরন্ত এমসি ॥ ৭ ॥

হে অগ্নে বয়মনুষ্ঠাতারো দিবেদিবে প্রতিদিনং দোষাবস্তা রাত্রাবহনি চ ধিয়া বুদ্ধ্যা নমো ভরন্তো। নমস্কারং সম্পাদয়ন্ত উপ সমীপে ত্বেমসি ত্বামাগচ্ছামঃ॥

রাজন্তমধ্বরাণাং গোপামৃতস্য দীদিবিং।

বর্দ্ধমানং স্বে দমে ॥ ৮ ॥

রাজন্তং দীপ্যমানং অধ্বরাণাং রাক্ষসকৃতহিংসারহিতানাং যজ্ঞানাং গোপাং•রক্ষকং। ঋতস্য সত্যস্যাবশ্যম্ভাবিনঃ কর্ম্মফলস্য দীদিবিং পৌনঃ পুণ্যেন ভৃশং বা দ্যোতকং। আহুত্যাধারমগ্নিং দৃষ্ট্বা শাস্ত্রপ্রসিদ্ধং কর্ম্মফলং স্মর্য্যতে। স্বে দমে স্বকীয়গৃহে যজ্ঞশালায়াং হবির্ভির্বর্দ্ধমানম্।

স নঃ পিতেব সূনবেঽগ্নে সূপায়নো ভব।

সচস্বা নঃ স্বস্তয়ে॥ ৯॥

হে অগ্নে স ত্বং নোঽস্মদর্থং সূপায়নঃ শোভনপ্রাপ্তিযুক্তো ভব। তথা নোঽস্মাকং স্বস্তয়ে বিনাশরাহিত্যার্থং সচস্ব সমবেতো ভব। তত্রোভয়ত্র দৃষ্টান্তঃ। যথা সূনবে পুত্রার্থং পিতা সুপ্রাপঃ প্রায়েণ সমবেতো ভবতি তদ্বৎ॥

প্রথম মণ্ডল

প্রথম সূক্ত

অগ্নি তোমায় পূজা করি, হে পুরোহিত হব্যবাহন !
রত্নধারক ঋত্বিক হোতা, হে দেবতা যজ্ঞ-পাবন ! ১
পূজ্য তুমি পূর্ব্বতনের, পূজেন যত নূতন ঋষি,
হেথায় এস যজ্ঞে মোদের, সুরগণে দেখাও দিশি। ২
অগ্নি যে দেন সার্থকতা, বর্দ্ধমান যা দিনে দিনে
যশের আলোয় দীপ্ত যাহা, পূর্ণ যাহা বীর্য্য চিনে। ৩
যজ্ঞ যথা সকল ধারে পরিবৃত বীর্য্যে তোমার,
হিংসাবিহীন ফল যে তাহার দেবলোকে করে বিহার। ৪
ক্রান্তপ্রজ্ঞ হোতা তুমি, সত্যস্বরূপ, কীর্ত্তিভাজন,
দেব দলের সাথে হেথায়, যজ্ঞ মাঝে লহ আসন। ৫
যোগ্য বটে ভদ্র দেহ হব্যদাতা যজমানে,
হে অঙ্গিরা ! ভদ্র যে সেই সত্য চলে তোমার পানে। ৬
স্মরণ করি অগ্নি তোমায়, প্রতি দিনই রাত্রি দিবা,
বুদ্ধি দিয়ে প্রণাম জানাই, দেখতে চেয়ে তোমার বিভা। ৭
তোমায় পাব হিয়ার কাছে, দীপ্তিমন্ত যজ্ঞ পালক !
যজ্ঞশালায় জ্বলছে শিখা, ওগো ঋতের দীপ্তিকারক। ৮
হওহে প্রিয় পিতার মতন, অনায়াসে দর্শনীয় ;
স্বস্তিকাম মোদের পাশে, রওহে তুমি বরণীয়। ৯

ঋষির্বিশ্বামিত্রপুত্রমধুচ্ছন্দাঃ বায়ুর্দেবতা। গায়ত্রী ছন্দঃ। এতস্য বায়বীয়সূক্তস্য প্রাতঃ সবনে বৈশ্বদেবগ্রহাদূর্দ্ধং প্রউপশস্ত্রে বিনিয়োগঃ।

দ্বিতীয়ং সূক্তম্

বায়বায়াহি দর্শতেমে সোমা অরং কৃতাঃ।

তেষাং পাহি শ্রুধী হবং ॥ ১ ॥

হে দর্শত দর্শনীয় বায়ো কর্ম্মণ্যেতস্মিন্নায়াহি আগচ্ছ। তদর্থমিমে সোমা অরং কৃতাঃ। অভিষবাদিসংস্কারোঽলঙ্কারঃ। তেষাং তান্ সোমান্। যদ্বা তেষামেকদেশমিত্যধ্যাহারঃ। পাহি স্বকীয়ং ভাগং পিব। তৎ-পানার্থং হবমস্মদীয়মাহ্বানং শ্রুধি শৃণু।

বায় উক্‌থেভির্জরন্তে ত্বামচ্ছা জরিতারঃ।

সুতসোমা অর্হবিদঃ ॥ ২ ॥

হে বায়ো জরিতারঃ স্তোতারঃ ঋত্বিগ্ যজমানাঃ ত্বামচ্ছ ত্বামভিলক্ষ্য উক্‌থেভিঃ আজ্যপ্রউগাদিশস্ত্রে জরন্তে স্তবন্তি। সুতসোমাঃ অভিযুতেন সোমেনোপেতাঃ অহর্বিদঃ অহঃ শব্দ একেনাহ্না নিষ্পাদ্যে অগ্নিষ্টোমাদি ক্রতৌ বৈদিক ব্যবহারেণ প্রসিদ্ধঃ ক্রত্বভিজ্ঞাঃ।

বায়ো তব প্রপৃঞ্চতী ধেনা জিগাতি দাশুষে।

উরূচী সোমপীতয়ে ॥ ৩ ॥

হে বায়ো তব ধেনা বাক্ সোমপীতয়ে সোমপানার্থং দাশুষে দত্তবন্তং যজমানং জিগাতি গচ্ছতি। হে যজমান ত্বয়া দত্তং সোমং পাস্যানি ইত্যেবং বায়ুর্ব্রূতা। প্রপৃঞ্চতী—প্রকর্ষেণ সোমসম্পর্কং কুর্ব্বন্তী সোমগুণং বর্ণয়ন্তী—উরূচী উরূন্ বহূন্ যজমানান্ গচ্ছন্তি যে যে সোমযাজিনঃ তান্ সর্ব্বান্ বর্ণয়ন্তী।

ইন্দ্রবায়ূ ইমে সুতা উপ প্রয়োভিরাগতং।

ইন্দবো বামুশন্তি হি ॥ ৪ ॥

হে ইন্দ্রবায়ূ ভবদর্থম্ ইমে সোমাঃ সুতাঃ অভিষুতাঃ। তস্মাদ্ যুবাং প্রয়োভিরন্নৈঃ অস্মভ্যং দাতব্যৈঃ সহোপাগতং॥ অস্মৎসমীপং প্রত্যাগচ্ছতং হি যস্মাদিন্দবঃ সোমা বাং যুবামুশন্তি কাময়ন্তে। তস্মাদাগমনসূচিতম্।

বায়বিন্দ্রশ্চ চেতথ সুতানাং বাজিনীবসূ।

তাবা য়াতমুপদ্রবৎ ॥ ৫ ॥

হে বায়ো ত্বমিন্দ্রশ্চ যুবামূভৌ সুতানামভিষুতান্ সোমান্ চেতথঃ জানীথঃ। বাজিনীবসূ বাজোঽন্নং তদ্যস্যাং হবিঃ সন্ততাবস্তি সা বাজিনী। তস্যাং বসত ইতি তৌ বাজিনীবসূ। তৌ যুবাং তথাবিধোদ্রবৎ ক্ষিপ্রমুপসমীপম আয়াতং আগচ্ছতম্।

বায়বিন্দ্রশ্চ সুন্বত আ যাতমুপ নিষ্কৃতং।

মক্ষি১ত্থা ধিয়া নরা ॥ ৬ ॥

হে বায়ো ত্বমিন্দ্রশ্চ সুন্বতঃ সোমাভিষবং কুর্ব্বতো যজমানস্য নিষ্কৃতং সংস্কৃতং সংস্কর্ত্তারং বা সোমমুপায়াতং। আগচ্ছতং। নরা হে নরৌ

